Calcutta, May 9: A day before Mamata Banerjee was supposed to have finalised candidates for the city civic polls, no one in her ranks appeared willing to take on Subrata Mukherjee, who led the Trinamul Congress in the corporation over the past five years.

Trinamul sources said several leaders, including heavyweight MLA Sobhandeb Chattopadhyay, were sounded for ward 87. But no one agreed.

Chattopadhyay, who was twice elected to the Assembly as a Congress nominee from the CPM bastion of Baruipur, is now the Trinamul legislator from Rash Behari. Subrata's ward 87 comes under his constituency. But Chattopadhyay is not too keen on a contest on his home turf. "No one has yet officially told me to contest from ward 87, where Subrata is a candidate, but party people are hinting that I may be pitted against him. I am in no mood for it. Why are other MLAs not being fielded against Subrata?" he asked.

"I cannot afford the big money that he can spend for electioneering," he added.

Sobhandeb Chattopadhyay, Subrata Mukherjee and Ajit Panja

Sources said Chattopadhyay was unhappy for not being projected as a candidate for mayor. Former MP Ajit Panja, being fielded in ward 63, is the party nominee for the top job.

Mamata will announce the list of candidates on Wednesday, Trinamul state president Subrata Bakshi said. "We have certain problems over the selection of candidates. However, we are working overtime to sort them out by tomorrow so that we can announce the final list on Wednesday following a working committee meeting."

Party sources said Partha Chatterjee, the MLA from Behala (West), was being fielded against the Left Front's candidate for mayor, Bikash Ranjan Bhattacharjee, in ward 100.

The Trinamul MLA from Satgachhia, Sonali Guha, will also be contesting the civic polls — from ward 40.

A leader close to Mamata said she might spring a surprise or two by roping in "disgruntled" Congress functionaries as candidates. "Some Congress leaders who do not want the party to share power with the CPM in Delhi have approached Didi for our symbol to contest the elections," he said.

The BJP, a Trinamul ally, today unveiled its list of 23 nominees independently.

Though state party president Tathagata Roy claimed to have obtained Mamata's "green signal" before announcing the list, the move did not apparently go down well with key Trinamul functionaries.

"The haste smacks of strained relations with Mamata," said a senior Trinamul leader.

Sudip Bandopadhyay, the former Trinamul MP who stood against Mukherjee for Calcutta North West in the Lok Sabha polls last May, as a Congress-backed Independent, today said he would not mind campaigning for him if the Congress brass want so.

Didi vs the Mayor: Showdown today

Rival Trinamool camps hit the road in the battle for Kolkata

HT Correspondent
Kolkata, May 7

AFTER DAYs of wary vigil and sniping from rooftops, the battle for Kolkata will enter the street-level phase on Sunday with the Trinamool, Mayor Subrata Mukherjee's Unnayan Mancha and the CPI(M) set to fire their first shots at about the same time.

While Mukherjee will hold his rally at the University Institute Hall with Congress heavyweights Pranab Mukherjee, A.B.A. Ghani Khan Choudhury, P.R. Das Munshi and Somen Mitra on the dais, Mamata Banerjee will hit the campaign trail with a counter rally at Behala and tell voters that the credit for Kolkata's development shouldn't go to any "turncoat" Mayor but to the Trinamool think tank.

The CPI(M), too, will launch its campaign from mayoral candidate Bikash Bhattacharya's constituency at Bansdroni, in south Kolkata, where Anil Biswas will tell his audience neither Mamata nor the Mayor deserve their their votes. If Kolkata is a better, cleaner and more happening city today, the credit should go to the Left-ruled government.

Both Mamata and Subrata will have to gun for the CPI(M), their stated common enemy. It was perhaps with this is in mind that the Mayor sent an invite to Mamata on Saturday, asking her to be present at the Unnayan Mancha rally and "lead the anti-CPI(M) front." "I know you too are anti-CPI(M). We urge you to attend our rally," the letter said.

But Trinamool leaders didn't attach much significance to the invitation, except as a "failed" bid to persuade the voter that the Mayor hadn't played into the CPI(M)'s hands.

There was also a fare measure of drama over this invitation, with office-bearers at Trinamool Bhavan refusing to accept the letter and leaders at Mamata's residence receiving it, unaware that it had come from the Mayor himself. Mamata's aides though were emphatic that Didi wouldn't attend the Mayor's rally. All three parties will surely try every trick in their bags — until the voter speaks his mind on June 19, that is.

See also Kolkata Live

Mamata will hit the road with a rally at Behala to tell voters that the credit for Kolkata's development shouldn't go to any "turncoat" Mayor

08 MAY 2005

Subrata sails with Somen sally

Statesman News Service

KOLKATA, May 5. — When Miss Mamata Banerjee is still in search of her mayoral candidate for Kolkata, the mayor, Mr Subrata Mukherjee, today sprang a surprise by proposing that Congress strongman and MLA, Mr Somen Mitra contest as an Opposition alliance candidate in a Kolkata Municipal Corporation ward. Mr Mukherjee and Mr Mitra, and to a lesser extent Mr Priya Ranjan Dasmunshi, go back a long way in terms of both their personal and political relationships, with the troika having emerged as the Congress' youth leadership in the 1970s.

Mr Mukherjee when pressed on whether Mr Mitra's candidature was "settled", was non-committal about who would finally be projected as the mayoral candidate of the new alliance to be christened the Progressive Democratic Party. The mayor, incidentally, is in all likelihood going to stand for re-election from ward 87.

But the attempt to rope in Mr Mitra as the alliance candidate is being seen more as a ploy to have the Congress throw its full weight behind the rebel Trinamul Congress leaders who have floated the West Bengal Unnayan Congress Manch that will fight the KMC poll as PDP candidates.

And while today seemed to be a day for making up with old friends for the mayor, it didn't prevent him from taking potshots at former colleagues. "If the party takes disciplinary action against me for my ideological stand, I am the last person to weep at a Press conference the way Mr Ajit Panja did when he had been suspended by Miss Banerjee," he said. Mr Panja broke down at a media meet soon after he was suspended from the party at Miss Banerjee's behest for criticising her decision to quit the NDA government. Miss Banerjee, incidentally, is considering Mr Panja as the party's mayoral candidate. The mayor iterated that he hadn't quit the Trinamul. "I've floated the Manch to unite the Opposition against the CPI-M."

To prove that he is not hand in glove with the Left Front as alleged by the Trinamul, the mayor mocked the claim by the CPI-M state secretary, Mr Anil Biswas, that the Marxists can "remove the mayor in five minutes". "He should know I continue to command the majority support in KMC and no Marxist can dislodge me from the mayor's office. Political pyrotechnics over, a delegation of the Manch, the NCP and the PDS met the state election commissioner and Mr Bikram Sarkar, NCP state president, said his party would authorise the new alliance to use its reserved symbol, a clock.

No renomination

KOLKATA, May 5. — The CPI-M today ruled out re-nominating Mr Dilip Gupta for the Bidhannagar municipal polls. He is the chairman of the municipality. Party leaders discussed the issue at a meeting held at Indira Bhavan, the residence of Mr Jyoti Basu. Mr Gupta was elected for two consecutive terms from Ward No. 15 of the municipality. The meeting was chaired by Mr Basu and attended, among others, by Mr Anil Biswas. — SNS

Details on Kolkata Plus I

06 MAY 2005 THE STATESMAN

01 MAY 2005 THE TELEGRAPH

Mamata sees split-party plot

A STAFF REPORTER

Mamata at the Park Circus Maidan on Saturday. Picture by Pradip Sanyal

Calcutta, April 30: Trinamul Congress chairperson Mamata Banerjee today kicked off her campaign for the forthcoming civic polls by accusing the CPM and the Congress of hatching a "conspiracy to break my party".

"The CPM and the Congress have joined hands to finish regional parties all over the country. In Bengal, our party is a victim of their conspiracy. I have asked Trinamul workers not to fall into the trap laid by the Congress-CPM combine," she told a mammoth gathering at the Park Circus Maidan this afternoon.

This was Mamata's first public meeting after mayor Subrata Mukherjee formed the Paschimbanga Unnayan Congress Mancha to mobilise anti-CPM forces, including the Congress, to contest the polls.

The Congress is unaware of the "dangerous consequences of hobnobbing with the Marxists", she said.

Mamata, in her 45-minute speech, severely criticised the role of "some party members who are favouring an alliance with the Congress", but did not name Mukherjee.

The Trinamul leader said anyone could quit the party if its ideology and principles were not acceptable. "But everyone has to accept the party's decisions and abide by its constitution if he or she intends to remain in it," she said.

"There is no question of forming an electoral alliance with any party other than the BJP. So, those advocating an alliance with the Congress are going against the party line," asserted the Trinamul chief.

"Some persons are trying to hand over our party to another party. We are keeping a close watch on them and will take action at the right moment. We know all this is the CPM's handiwork," she said.

"Some persons are talking about a *mahajot* (grand alliance) with the Congress and other parties. I would like to describe it as a *mahaghot* (grand conspiracy)," Mamata said.

"What is this *jot*? When we have not quit the NDA, why should we think of any other alliance?" she asked. "Under no circumstance shall we enter into an alliance with the Congress. Come what may, I shall not deviate from our political line even if I get killed," said the Trinamul chief.

On his return to Calcutta, Mukherjee today discussed preparations for the May 8 *Mahasammelan* with associates. Several Congress leaders, including defence minister Pranab Mukherjee, water resources minister Priya Ranjan Das Munshi and Malda MP A.B.A. Ghani Khan Chowdhury, are likely to attend.

TUESDAY, MAY 17, 2005

Bouncing back in style

The victory of Chief Minister Jayalalithaa's All India Anna Dravida Munnetra Kazhagam in two Assembly by-elections in Tamil Nadu is a stunning upset no psephologist would have dared predict. It is a shake-up call to the opposition Democratic Progressive Alliance, which was banking heavily on conventional electoral arithmetic. Within a year of the 14th general election, which turned out to be a one-horse race in Tamil Nadu, the AIADMK recovered lost ground by learning, and acting on, the appropriate lessons. To the credit of Chief Minister Jayalalithaa, many 'economic reforms' perceived to be anti-people were rolled back, and punitive measures against State Government employees were reversed without batting an eyelid. Normality in relations with the Press was restored seamlessly. The margins of victory in the two Assembly constituencies — 27,162 in Gummidipoondi and 17,648 in Kancheepuram — show a big swing in favour of the AIADMK from May 2004. In the first constituency, there was a swing of 21.20 percentage points away from the Dravida Munnetra Kazhagam and a 22.42 point swing towards the State's ruling party. In Kancheepuram, the swing was less marked with the DPA suffering a negative swing of 12.92 points and the AIADMK gaining 14.47 points. Does alliance arithmetic offer any clue? The paradoxical answer is that while the seven-party DPA remains intact, the AIADMK lost its only 'major' ally in the Lok Sabha election, a distinctly minor league and marginalised Bharatiya Janata Party, during the intervening period.

In the coming days several explanations will be proposed for the dramatic upset in the two by-elections; excuses will be offered by the losers, as they were in May 2004. However, no explanation or excuse can take away from the central fact that there has been a change in the ground situation. A feature of these by-elections was the sharply higher voter turnout, with Gummidipoondi recording more than 76 per cent polling and Kancheepuram almost 70 per cent. The no-nonsense monitoring of the poll process by the Election Commission ensured there were no credible complaints of bogus voting. Interestingly, the grievances of the Opposition parties relate to "misuse of the official machinery," not to bogus voting or booth capturing. While the DPA may downplay the implications of the by-election outcome for the 2006 Assembly contest, the results in the two constituencies can only mean that the AIADMK on its own may well pose a stiff challenge to the DMK-led front. True, alliances play a less important role in by-elections than in a State-wide contest where the smaller parties also have a stake, but this does not explain the AIADMK's making up a huge popular deficit in a year. A handicap for the DMK might have been its inability to take advantage of the 'anti-incumbency factor': the AIADMK made an effective campaign issue of the performance of the Union Ministers of the DPA in the United Progressive Alliance Government at the Centre.

For Ms. Jayalalithaa, there is a *déjà vu* in this; her party has revealed an impressive ability to face adversity and change the ground situation within months of suffering an electoral rout. In 1989, her group within the AIADMK finished way behind the DMK in the Assembly election, but she was able, following a merger with the rival group, to wrest two Assembly seats within six months. Not only that, she followed this up with a revival of the alliance with the Congress and swept the Lok Sabha contest in Tamil Nadu later in the year. Similarly, after the debacle of the 1996 general election, in which Ms. Jayalalithaa lost her Assembly seat, she led the AIADMK to a surprise win in the 1998 Lok Sabha election. Much was at stake for the Chief Minister in the latest by-elections, especially in Kancheepuram where the Opposition and also her former ally, the BJP, attributed political motives to the arrest of the Kanchi Sankaracharya, Sri Jayendra Saraswathi, and others in the Sankararaman murder case. The Hindu Mahasabha, which made the arrests a campaign issue, lost its deposit. The AIADMK's emphatic victory over an alliance that was arithmetically unbeatable on paper is a political achievement by any yardstick.

17 MAY 2005

Split in Trinamul

Perpetuating Marxist misrule

Marxist mandarins of Alimuddin Street must be laughing at the way Mamata Banerjee and Subrata Mukherjee are handing over the Kolkata Municipal Corporation to them on a platter, well before the 19 June civic poll. It will not be KMC alone but several civic bodies in 81 towns in West Bengal, including Salt Lake, where the two, will ensure an easy electoral victory for the Marxists. Both should know this fully well and how the civic poll will have a direct bearing on next year's state assembly elections. Their words and deeds suggest that they are helping the Marxists to perpetuate their rule in West Bengal. Many citizens want a viable, and clean non-Left alternative to emerge, to deal with the chronic problems of unemployment, economic backwardness and deteriorating standards of education and health care, among other ills. Trinamul Congress's success in the KMC, which is already the envy of civic bodies of Indian metros and also financial institutions, has given rise to considerable hope that the Opposition outfit has the potential to replace the Marxists in the state. But Subrata, by splitting the Trinamul Congress on Tuesday, seems to have dashed these hopes.

The timing has given rise to numerous questions about real personal and political intentions. He will queer the electoral pitch of other Opposition parties as well, as this is certainly going to give birth to new political arrangements, which will further divide and weaken the Opposition and help Marxists wrest not only the KMC but other bodies. All this despite the Opposition's unanimous view that the only way the Marxists can be defeated is by having either an informal seat sharing arrangement among non-Left parties or a formal grouping.

Mamata is no less to blame for the split in the Trinamul as she seems unable to tolerate Subrata's success. The mayor has given financial stability and a modern image to KMC. His Marxist predecessors, Prasanta Sur, Kamal Basu and Prasanta Chatterjee were, in comparison, ineffectual. Instead of reining him in when necessary, Mamata belittles his achievements and abuses him personally. This is no way to defeat the well-entrenched Marxists. Mamata and Subrata are only inviting disaster for themselves and for the opposition.

29 APR 2005

THE STATESMAN

মেয়রের পদে কাজ চালাতে অসুবিধা নেই

পুর নেতৃত্ব খোয়ালেন সুব্রত

স্টাফ রিপোর্টার: আপাতত বহিষ্কার বা সাসপেনশনের পথে না-গিয়ে কলকাতা পুরসভায় দলনেতার পদ থেকে সুব্রত মুখোপাধ্যায়কে সরিয়ে দিল তৃণমূল কংগ্রেস। তাঁর জায়গায় এখনকার মেয়র-পারিষদ জাভেদ খানকে দলনেতা নির্বাচিত করা হয়েছে বলে জানিয়েছেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাতে অবশ্য সুব্রতবাবুর মেয়র-পদে থাকতে কোনও বাধা নেই। কারণ, ওটি নির্বাচিত পদ।

বৃহস্পতিবার তপসিয়ায় তৃণমূল ভবনে দলের বর্তমান ৫৩ জন কাউন্সিলরের সঙ্গে বৈঠকের পরে মমতা বলেন, "কলকাতা পুরসভায় যিনি দলনেতা ছিলেন, তিনি স্বেচ্ছায় পার্টি ছেড়ে চলে গিয়েছেন। শাসক দল তো নেতা ছাড়া চলবে না। তাই দলীয় কাউন্সিলরেরা সর্বসম্মতিক্রমে জাভেদ খানকে নির্বাচিত করেছেন।" এমনকী এত দিন তৃণমূলের পুরদলের যিনি মুখপাত্র ছিলেন, সেই দেবাশিস কুমার সুব্রতবাবুর নবগঠিত পশ্চিমবঙ্গ উন্নয়ন কংগ্রেস মঞ্চে যোগ দেওয়ায় তাঁকেও ওই পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। দেবাশিসবাবুর জায়গায় সেই দায়িত্ব দেওয়া হয়েছে অন্য মেয়র-পারিষদ অনুপ চট্টোপাধ্যায়কে।

তবে তাঁদের সরিয়ে দেওয়ার বিষয়টি নিয়ে আদৌ উদ্বিগ্ন নন মেয়র। আসন্ন পুর ভোটে কংগ্রেস-সহ সি পি এম-বিরোধী সব দলের সঙ্গে জোট গড়ার ব্যাপারে সুব্রতবাবু এখন দিল্লিতে। পুর দলনেতার পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়ার খবরে সুব্রতবাবু বলেন, "এটা প্রত্যাশিতই ছিল। এমনকী দল চাইলে আমাকে তাড়িয়েও দিতে পারত। তবে এখনও আমি বলছি, সি পি এমের বিরুদ্ধে লড়াই করতে হলে জোট গড়তেই হবে আমাদের।" অবশ্য তৃণমূল যে এখনই তাঁদের দল থেকে বহিষ্কার বা সাসপেন্ড করছে না, মমতার বক্তব্যে তা পরিষ্কার। এই বিষয়ে একটি প্রশ্নের জবাবে মমতা বলেন, "এটা দলের অভ্যন্তরীণ ব্যাপার। যাঁরা স্বেচ্ছায় চলে গিয়েছেন, তাঁদের বিষয়ে আইনে যা আছে, প্রয়োজনে তা করা হবে।"

কংগ্রেসকে সঙ্গে নিয়ে সি পি এম-বিরোধী জোট গড়ার দাবি তোলাতেই মেয়র ও তাঁর অনুগামীদের দল ছেড়ে আলাদা মঞ্চ গঠন করতে হয়। আর তারই পরিণতিতে এ দিন দলীয় রণকৌশল স্থির করতে মমতা তৃণমূলের কাউন্সিলরদের সঙ্গে প্রায় দেড় ঘণ্টা বৈঠক করেন। পুরদলের সঙ্গে বৈঠক হলেও তৃণমূলের সব শাখা সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন। সেই সঙ্গে ছিলেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা পঙ্কজ বন্দ্যোপাধ্যায়, প্রাক্তন সাংসদ অজিত পাঁজা, বিধায়ক সাধন পাণ্ডেও। বৈঠকে হাজির ছিলেন সুব্রতবাবুর মঞ্চে চলে যাওয়া মেয়র-পারিষদ হৃদয়ানন্দ গুপ্তও। বৈঠক থেকে বেরিয়ে তিনি বলেন, "একটা ভুল বোঝাবুঝি হয়েছিল। এখন সব ঠিক আছে। আমি তৃণমূলেই আছি।"

অন্য দিকে, তৃণমূল শিবিরের দাবি, গত মঙ্গলবার সুব্রতবাবুর বাড়িতে নৈশভোজে যোগ দিলেও উন্নয়ন মঞ্চের সঙ্গে নেই বিধায়ক অর্জুন সিংহ, সৌমেন মহাপাত্র ও কাশীনাথ মিশ্র। তবে এ দিন তিন জনেই জানিয়েছেন, সি পি এম-কে পরাস্ত করতে কংগ্রেসের সঙ্গে জোট গড়তে সুব্রতবাবু যে-প্রয়াস চালাচ্ছেন, তাঁরা তা সমর্থন করেন। সৌমেনবাবু বলেন, "পাঁশকুড়া পুরসভার নির্বাচনের সময় আমিই প্রথমে এই ধরনের সি পি এম-বিরোধী জোট গড়ি। তাই সুব্রতদা যখন জোট গড়ার প্রস্তাব দেন, আমি তা পুরোপুরি সমর্থন করি।"

তৃণমূল কংগ্রেসের নেতারা দাবি করেছেন, তিনি মঞ্চে নেই বলে ভাটপাড়ার বিধায়ক অর্জুন সিংহ লিখিত বিবৃতি দিয়েছেন। কিন্তু অর্জুনবাবু এ দিন তা অস্বীকার করে বলেন, "আমি সুব্রতদার সঙ্গেই আছি।"

প্রণবের সঙ্গে বৈঠক, ৭ মে'র সম্মেলনে থাকবেন গনিও

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ২৮ এপ্রিল: সিপিএম-বিরোধী 'মহাজোট'-এর লক্ষ্যে সুব্রত মুখোপাধ্যায়ের গড়া পশ্চিমবঙ্গ উন্নয়ন কংগ্রেস মঞ্চের প্রথম গণ-কনভেনশনে প্রণব মুখোপাধ্যায় ও বরকত গনি খান চৌধুরী দু'জনেই যোগ দেবেন। ৭ মে মহাজাতি সদনে ওই কনভেনশন হবে। আজ সংসদ ভবনে প্রতিরক্ষামন্ত্রী তথা প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণব মুখোপাধ্যায়ের ঘরে বসে 'মহাজোটের' ছক কষেন সুব্রতবাবু। আধ ঘণ্টার এই বৈঠকে কংগ্রেস নেতা আহমেদ পটেল, অম্বিকা সোনিও ছিলেন। আসন্ন পুর নির্বাচনের টিকিট বণ্টন নিয়েও আলোচনা হয়। পরে সুব্রতবাবু বলেন, প্রদেশ কংগ্রেস সভাপতিকে বলেছি, পুরভোটে যে সব জায়গায় আমাদের প্রভাব বেশি, সেখানে টিকিটগুলি যেন আমরা পাই। তবে কোনও আসনের একাধিক দাবিদার হলে যার জয়ের সম্ভাবনা বেশি, কোনও দ্বিধাদ্বন্দ্ব না করে তাকেই যেন টিকিট দেওয়া হয়।"

আজ সারা দিনই সুব্রতবাবু ব্যস্ত ছিলেন কংগ্রেস-সহ নানা দলের নেতাদের সঙ্গে বৈঠকে। যেমন, সমাজবাদী দলের অমর সিংহের সঙ্গে তাঁর কথা হয়েছে। জাতীয়তাবাদী কংগ্রেসের তারিক আনোয়ারের সঙ্গেও তাঁর আলোচনা হয়। দিল্লিতে বরকতের সঙ্গেও দেখা করেন সুব্রতবাবু। নয়াদিল্লির বঙ্গভবনে ৪০৫ নম্বর ঘরের অতিথি কংগ্রেস নেতা আব্দুল মান্নান আজ কলকাতার মেয়র সুব্রতবাবুকে প্রাতরাশে আমন্ত্রণ জানিয়েছিলেন। পি ডি এসের সৈফুদ্দিন চৌধুরী তাঁর দলের দুই নেতা সমীর পুততুণ্ড এবং অনুরাধা দেবীকে সেখানে পাঠিয়েছিলেন সুব্রতবাবুর সঙ্গে জোট নিয়ে আলাপ-আলোচনা সারতে। সেই বৈঠকও ইতিবাচক হয়েছে। সৈফুদ্দিন ৭ মে'র কনভেনশনে যাবেন। মেয়র জানান, পরিবহণমন্ত্রী সুভাষ

এর পর পাঁচের পাতায়

প্রণবের সঙ্গে

প্রথম পাতার পর

চক্রবর্তী রবিবার কলকাতায় মেট্রো সিনেমার সামনে এক অনুষ্ঠানে তাঁকে আমন্ত্রণ জানিয়েছেন। তিনি যাবেন।

কবে যোগ দিচ্ছেন কংগ্রেসে? সুব্রতবাবুর উত্তর: "এই প্রশ্ন এখন উঠছে কেন? আমি তো আর একা নই যে তৃণমূল ছেড়ে এলাম, কংগ্রেসে যোগ দিলাম। একটা 'মিশন' বা উদ্দেশ্য নিয়ে আমরা অনেকে বেরিয়ে এসেছি। আরও অনেকে আসবেন। রাজনীতিটা তো এক দিনের অঙ্ক নয়। সামনে পুরসভা, তার পর বিধানসভা। সব কিছু মাথায় রেখেই তো জোট।"

এই যাত্রায় সনিয়ার সঙ্গে দেখা করবেন না? সুব্রতবাবুর বক্তব্য, "প্রদেশ কংগ্রেস সভাপতির সঙ্গে দেখা করেছি। আমাদের কথা তো তিনি শুনলেন। আর, এখন আমি স্থানীয় স্তরে, যেমন ধরুন বাঁশবেড়িয়ার ভোট নিয়ে রয়েছি। ঠিক আছে।"

29 APR 2005

ANADABAZAR PATRIKA

27 APR 2005

THE HINDUSTAN TIMES

Subrata lays table for split

HT Correspondent
Kolkata, April 26

WITH 21 rebel Trinamool Congress MLAs and councillors by his side, mayor Subrata Mukherjee virtually split the party tonight, floating an independent platform that will fight the Kolkata civic elections and next year's Assembly polls with Congress support.

"The Paschim Banga Unnayan Congress Mancha will initially function within the Trinamool, but later we shall float a party," Mukherjee told reporters. "We shall forge a grand alliance with the Congress, the Samajwadi Party, the Janata Dal (United), the Nationalist Congress Party, the Party for Democratic Socialism and other anti-CPI(M) forces. We will also invite the Trinamool Congress."

Eleven councillors — including member, mayor-in-council, Mala Roy — and nine MLAs turned up at a dinner hosted by the mayor tonight while another councillor, Hridayananda Gupta, sent a letter of support. "Several other councillors and MLAs have got in touch with me; they will join the Mancha in the days to come," Mukherjee said.

"However, if Mamata Banerjee decides to change her mind and follow our line of a grand anti-Left alliance, we are ready to return to the Trinamool fold. If she doesn't bend, we will float a new political party.

"As of now, that's going to happen in the first week of May, when we shall hold a mass convention, to be attended by leaders of all the political parties supporting us. The Mancha will not only contest the KMC elections; it will fight the Assembly polls, too."

Checklist

- **THE FRONT** Paschim Banga Unnayan Congress Mancha
- **CONVENER** Mayor Subrata Mukherjee
- **PRESIDENT** Ambika Banerjee
- **MEMBERS** 13 Trinamool councillors and 9 MLAs
- **ANNOUNCEMENT** At a dinner at Subrata's home

MLA Ambika Banerjee has been appointed Mancha president and Mukherjee its convener. Mukherjee will leave Kolkata on Wednesday morning for a series of meetings with state Congress chief and defence minister Pranab Mukherjee, Union water resources minister Priya Ranjan Das Munshi, former chief minister S.S. Ray and former PCC chief A.B.A. Ghani Khan Chowdhury. "He will also try to fix an appointment with Sonia Gandhi," a confidant said.

Mamata met senior Trinamool leader Ajit Panja tonight to discuss possible action against the rebels. "Our party's working committee will meet and decide about this," Mamata said.

সঙ্গী ৯ বিধায়ক, ১১ কাউন্সিলর

তৃণমূল ভেঙে পৃথক মঞ্চ গড়লেন সুব্রত

সঞ্জয় সিংহ

এক দল বিধায়ক ও কাউন্সিলরকে সঙ্গে নিয়ে মঙ্গলবার তৃণমূল ভাঙলেন সুব্রত মুখোপাধ্যায়। কংগ্রেসের সঙ্গে পুর নির্বাচনী জোট গড়তে এ দিনই তাঁরা গড়লেন 'পশ্চিমবঙ্গ উন্নয়ন কংগ্রেস মঞ্চ'। আপাতত এই মঞ্চে যোগ দিয়েছেন মেয়র সুব্রতবাবু-সহ তৃণমূলের ১০ জন বিধায়ক এবং কলকাতার ১২ জন কাউন্সিলর, যাঁদের মধ্যে পাঁচ জন মেয়র-পারিষদ। সুব্রতবাবু এবং পরেশ পাল অবশ্য একাধারে বিধায়ক ও কাউন্সিলর দু'ভাবেই গণ্য হবেন। এ ছাড়াও নতুন মঞ্চে এসেছেন বামফ্রন্ট থেকে বহিষ্কৃত এক জন।

মঙ্গলবার রাতে তাঁর সুরেন ঠাকুর রোডের বাড়িতে ওই বিধায়ক, মেয়র-পারিষদ ও কাউন্সিলরদের সঙ্গে নৈশভোজে আলোচনার পরে সুব্রতবাবু দল ছাড়ার চূড়ান্ত সিদ্ধান্ত নেন। অন্য যে-সব বিধায়ক সেখানে ছিলেন, তাঁরা হলেন অম্বিকা বন্দ্যোপাধ্যায়, অশোক দেব, অর্জুন সিংহ, তাপস রায় এবং তৃণমূল থেকে সাসপেন্ড হওয়া নির্বেদ রায় ও পরশ দত্ত। অন্য দুই বিধায়ক কাশীনাথ মিশ্র ও সোমেন দাসমহাপাত্র উপস্থিত না-থাকলেও এই মঞ্চে যোগ দিতে চেয়ে বার্তা পাঠিয়েছেন বলে সুব্রতবাবু জানান। মেয়র-পারিষদদের মধ্যে মঞ্চে যোগ দেন মালা রায়, সামসুজ্জামান আনসারি, হৃদয়ানন্দ গুপ্ত, মইনুল হক, অমিয় মুখোপাধ্যায়। তৃণমূলের অন্য কাউন্সিলরেরা হলেন রুবি দত্ত, দিব্যেন্দু বিশ্বাস, দেবাশিস কুমার ও পবিত্র বিশ্বাস। আর এস পি থেকে বহিষ্কৃত কাউন্সিলর মাখন দাসও যোগ দিয়েছেন নতুন মঞ্চে।

সুব্রতবাবু ঘোষণা করেন, মে মাসে তাঁরা মঞ্চের রাজ্য কনভেনশন করবেন। তাঁদের পতাকা হবে কংগ্রেসের মতো তেরঙা, মাঝখানে থাকবে এই মঞ্চের নির্বাচনী প্রতীক। মেয়রের ঘোষণা: "মঞ্চ তৈরি করে যাত্রা শুরু হল। ভবিষ্যতে দলও তৈরি করব।" মঞ্চের চেয়ারম্যান হয়েছেন অম্বিকাবাবু। মেয়র আহ্বায়ক। বাকি বিধায়ক, কাউন্সিলরেরা সকলেই কার্যনির্বাহী কমিটির সদস্য। মেয়র বলেন, "শুক্রবার থেকেই এই বাড়িতে আমাদের অফিস চালু হবে।"

সুব্রতবাবুদের নৈশভোজ ঘিরে রাজ্য-রাজনীতিতে আগ্রহ ও উত্তেজনা ছিল তীব্র। তাঁর বাড়ির সামনে ভিড় সামলাতে রাস্তায় শামিয়ানা টাঙিয়ে মঞ্চ বাঁধা হয়েছিল। সেখানেই সাংবাদিক বৈঠক করেন সুব্রতবাবু। তিনি জানান, কংগ্রেসের হাইকমান্ডের সঙ্গে কথা বলতে আজ, বুধবার তিনি ও তাপসবাবু দিল্লি যাচ্ছেন। তিনি বলেন, "মমতা বন্দ্যোপাধ্যায় যদি এখনও বলেন, কংগ্রেস-সহ সি পি এম-বিরোধীদের নিয়ে জোট গড়বেন, আমি সব পদ ছেড়ে তাঁর পিছনে দাঁড়াতে রাজি।"

তবে তৃণমূলের পক্ষ থেকে এই জোটকে 'অশুভ শক্তির আঁতাঁত' বলে মন্তব্য করেছেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা পঙ্কজ বন্দ্যোপাধ্যায়। দলনেত্রী মমতা সরাসরি কোনও মন্তব্য না-করলেও এ দিন তাঁর নির্দেশে তৃণমূল ভবনে পঙ্কজবাবু, সৌগত রায়েরা বলেন, আসলে সি পি এমের প্রধান বিরোধী শক্তি হিসাবে তৃণমূলকে দুর্বল করার জন্য দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে সুব্রতবাবুরা মঞ্চ তৈরি করেছেন।

যদিও সুব্রতবাবুর এই জোট-রাজনীতিতে তৃণমূলের অনেকেই যে অস্বস্তিতে আছেন, মালদহ জেলা পরিষদে ক্ষমতাসীন কংগ্রেসের সঙ্গে তৃণমূলের জোটের প্রসঙ্গে সাধন পাণ্ডের বক্তব্যে তা স্পষ্ট। তিনি পরিষ্কার বলেন, "সি পি এম-কে ঠেকাতেই আমরা এক হতে পারি।" তা হলে কলকাতায় নয় কেন? তাঁর বিব্রত জবাব: "কলকাতায় তো আমরাই শক্তিশালী।"

দলের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে গিয়ে জোটের কথা বলায় ইতিমধ্যেই নির্বেদবাবু ও পরশবাবুকে সাসপেন্ড করেছে তৃণমূল কংগ্রেস। কিন্তু সুব্রতবাবুর সঙ্গে নৈশভোজে যোগ দিয়ে যাঁরা তাঁর নতুন মঞ্চে সামিল হলেন, তাঁদের বিরুদ্ধে তৃণমূল এখনই কোনও শাস্তিমূলক পদক্ষেপের ঝুঁকি নিচ্ছে না। দলের শৃঙ্খলা রক্ষা কমিটির সদস্য বিধায়ক পার্থ চট্টোপাধ্যায় বলেন, "আমাদের নেত্রী তো বলেই দিয়েছেন, দরজা খোলা আছে। যাঁরা তৃণমূলে থাকতে চান না, তাঁরা বেরিয়ে যেতেই পারেন।" তবে দলের টিকিটে জনপ্রতিনিধি হয়ে যাঁরা দল ছাড়লেন, তাঁদের বিরুদ্ধে আইনানুগ কোনও ব্যবস্থা নেওয়া যায় কি না, তা নিয়ে তৃণমূল নেতৃত্ব চিন্তাভাবনা করছেন।

এ দিকে, পুর নির্বাচনে সুব্রতবাবুরা যদি 'ঘড়ি' প্রতীক চান, তা তাঁদের দেওয়া হবে বলে জানিয়েছেন এন সি পি-র পশ্চিমবঙ্গ শাখার সহ-সভাপতি সালাউদ্দিন আহমেদ। ঘড়ি তাঁদের দলের প্রতীক। তবে আসন্ন পুর নির্বাচনে সুব্রতবাবুরা ঘড়ি বা সাইকেল প্রতীকে লড়াই করার কথা ভাবছেন।

● মমতার মতে, ভাঙন নয়...পৃঃ ৫



মঞ্চ গড়ার পরে উল্লাস। মঙ্গলবার সুব্রতর বাড়িতে। — রাজীব বসু

27 APR 2005

Trinamul splits as Subrata floats *manch*

Statesman News Service

KOLKATA, April 26. — Mr Subrata Mukherjee tonight launched the West Bengal Unnayan Congress Manch, virtually splitting the Trinamul Congress. Ten Trinamul MLAs and 10 councillors, including five Mayor-in-Council members, attended the dinner the mayor hosted to form the *manch*.

The revolting Trinamul leaders were paraded on a dais outside the dinner venue where Mr Mukherjee formally announced what he called a "historical, political decision". Two others, who pledged their support in writing, couldn't make it to the dinner owing to family commitments, he said.

Drawing a parallel with Jayaprakash Narayan's movement, the mayor said: "What JP did to unite Opposition parties, we have tried to replicate in a minuscule form so that we can respond to the people's wishes to rid the state of the CPI-M which has imposed a corrupt and dictatorial regime."

Mr Mukherjee said he would have been happier had Miss Mamata Banerjee herself launched such a forum to unite anti-CPI-M forces.

The *manch* will first contest the KMC poll and then the Assembly elections next year. It will use the Tricolour with the party's election symbol embossed on it and will apply for the allotment of a fixed symbol. The *manch* will soon be turned into a party, Mr Mukherjee said.

"If the Trinamul leadership takes any disciplinary action, it will take us only a few minutes to deal with such a situation," he said.

While Mr Ambica Banerjee, MLA, has been made the *manch* chairman, Mr Mukherjee is its convenor. The MLAs and councillors are executive committee members.

Another report on Kolkata Plus I

27 APR 2005 THE STATESMAN

নৈশভোজে নয়া মঞ্চ আজ

আত্মঘাতীকে বিষ কে দেবে, তোপ সুব্রতরও

স্টাফ রিপোর্টার: কংগ্রেসের সঙ্গে জোট গড়ার জন্য কলকাতার মেয়র সুব্রত মুখোপাধ্যায় যে-আলাদা মঞ্চ তৈরি করছেন, আজ, মঙ্গলবার তার নাম ও কর্মসূচি চূড়ান্ত হবে। অনুগামীদের সঙ্গে আজ নৈশভোজের পরে তাঁদের কর্মসূচি ঘোষণা করবেন মেয়র। কলকাতার পুর ভোট সামনে রেখে তাঁরা যে-জোট গড়ছেন, আগামী বিধানসভা ও লোকসভা নির্বাচন পর্যন্ত তা টেনে নিয়ে যেতে চান বলে জানিয়েছেন তিনি। সোমবার বিধানসভায় কংগ্রেস নেতা আব্দুল মান্নানের ঘরে বসে সুব্রতবাবু বলেন, "দেশ জুড়ে আজ জোট-রাজনীতিরই দর্শন কাজ করছে। জোট-রাজনীতির প্রতিষ্ঠিত সত্যকে আমাদেরও স্বীকার করে নিতে অসুবিধা কোথায়? কারণ, জোট গঠনের বিষয়টি আজকের সময় ও রাজনীতিরই দাবি।"

আর এই জন্যই কংগ্রেস-সহ সব সি পি এম-বিরোধী দলকে নিয়ে জোট গড়ার কাজ শুরু করে দিয়েছেন সুব্রতবাবু। এক দিকে তিনি দিল্লিতে কংগ্রেসের হাইকমান্ডের সঙ্গে যোগাযোগ রাখছেন, অন্য দিকে আলোচনা করছেন সমাজবাদী পার্টি, জনতা দল (সংযুক্ত)-সহ পশ্চিমবঙ্গের সব ছোটখাটো সি পি এম-বিরোধী দলের নেতাদের সঙ্গে। আজ নৈশভোজে তাঁর অনুগামী বিধায়ক, কাউন্সিলরদের সঙ্গে আলোচনা করে তাঁদের মঞ্চের পক্ষে কলকাতায় 'মহামিছিল' ও 'মহাসম্মেলন'-এর কর্মসূচিও স্থির করবেন তিনি। সুব্রতবাবু বলেন, মহাসম্মেলনে জোটের শরিক সব দলের প্রতিনিধিদেরও আমন্ত্রণ জানানো হবে। তাঁর কথা: "সি পি এম যেমন ফরওয়ার্ড ব্লক, আর এস পি, এমনকী বিপ্লবী বাংলা কংগ্রেসের মতো দলকে নিয়ে বামপন্থী জোট গড়েছে, আমাদের তেমনই বামফ্রন্টের বিকল্প দক্ষিণপন্থী জোট করার প্রয়োজন দেখা দিয়েছে।"

সুব্রতবাবুর দাবি তাঁর দল তৃণমূল কংগ্রেস ইতিমধ্যেই খারিজ করে দিয়েছে। এই ব্যাপারে চরম সিদ্ধান্ত নিয়েছে দলের ওয়ার্কিং কমিটি। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়ে দিয়েছেন, সি পি এমের হাত ধরে দিল্লিতে ক্ষমতায় বসা কংগ্রেসের সঙ্গে কোনও জোট নয়। এই জোটের পক্ষে থাকায় দলের দুই বিধায়ক নির্বেদ রায় ও পরশ দত্তকে সাসপেন্ড করেছে তৃণমূল। সুব্রতবাবুর বিরুদ্ধে দল এখনও কোনও শাস্তিমূলক ব্যবস্থা নেয়নি। তবে মমতা থেকে শুরু করে তৃণমূলের বিভিন্ন স্তরের নেতারা প্রকাশ্যেই তাঁর কঠোর সমালোচনা করেছেন।

মমতা রবিবার বি কে পাল পার্কে দলের কর্মিসভায় নাম না-করেই সুব্রতবাবুকে 'বিশ্বাসঘাতক' বলে অভিহিত করে বলেন, "আপনার বাড়ির রাঁধুনি যদি খাবারে বিষ মেশায়, তা হলে আপনি কী করবেন?" এই প্রসঙ্গে এ দিন সুব্রতবাবু বলেন, "এখন দক্ষিণপন্থী জোটের পক্ষে একটা ইতিবাচক পরিস্থিতি তৈরি হয়েছে। এখন আর একলা চলার নীতিতে হবে না। এটা বলায় আমায় রাঁধুনি, খাবারে বিষ মেশানোর কথা বলা হচ্ছে! কিন্তু যে ঘনঘন আত্মহত্যা করতে যায়, রাঁধুনি কি তাকে বিষ দিতে যাবে?"

এই পরিপ্রেক্ষিতে এ দিন সুব্রতবাবুও নাম না-করে তৃণমূল নেত্রীকে সাপের সঙ্গে তুলনা করেন। তিনি বলেন, "সব চেয়ে হিংসুটে জীব হল সাপ। যে নিজেই বিষ বহন করে বেড়ায়, তাকে কে বিষ দিয়ে মারবে?" এই প্রসঙ্গে অবশ্য তৃণমূল নেত্রীর কোনও প্রতিক্রিয়া জানা যায়নি। দলের প্রাক্তন সাংসদ আকবর আলি খোন্দকার মারা গিয়েছেন। দিল্লির হাসপাতাল থেকে তাঁর মরদেহ এখানে নিয়ে আসার ব্যবস্থা করতেই সারা দিন ব্যস্ত ছিলেন মমতা। তবে সুব্রতবাবুর মন্তব্য সম্পর্কে দলের নেতা ও বিধায়ক সৌগত রায় বলেন, "এ বার রাজনীতিটা দেখছি জীবজন্তুর স্তরে টেনে আনা হচ্ছে।"

এ দিকে, মুম্বই থেকে স্টাফ রিপোর্টার জানিয়েছেন, পশ্চিমবঙ্গে সি পি এমের বিরুদ্ধে সুব্রতবাবুর জোট গড়ার প্রচেষ্টা সমর্থন করেছেন কেন্দ্রীয় মন্ত্রী ও কংগ্রেস নেতা সন্তোষমোহন দেব। তিনি বলেছেন, "বামফ্রন্টের বিরুদ্ধে লড়াই চালানোর জন্য সুব্রত যে-পরিকল্পনা করেছে, তা ষোলো আনা ঠিক। মমতা বোধ হয় ব্যাপারটা বুঝতে পারছেন না।" বিষয়টি নিয়ে রাজ্য কংগ্রেসের নেতাদের সঙ্গে আলোচনা করতে চান সন্তোষবাবু।

26 APR 2005

NADABAZAR PATRIK

মমতার সঙ্গে বৈঠক সুশীল মোদীর

সুব্রতর মঞ্চ হচ্ছেই, নাম নিয়ে জল্পনা

স্টাফ রিপোর্টার: তৃণমূল কংগ্রেস থেকে বেরিয়ে বিকল্প মঞ্চ গড়ার ব্যাপারে মনস্থির করে ফেলেছেন মেয়র সুব্রত মুখোপাধ্যায়। শনিবার তিনি বলেন, "আগামী বুধবার রাতে আমাদের দলের কয়েকজন বিধায়ক ও কাউন্সিলরদের আমার বাড়িতে আমন্ত্রণ জানিয়েছি। কবে আনুষ্ঠানিক ভাবে মঞ্চ ঘোষণা হবে, তা ওই দিনই আলোচনা হবে।" তবে মঞ্চ না গড়ে মেয়রকে সরাসরি কংগ্রেসে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণব মুখোপাধ্যায় ও নেতা সোমেন মিত্র। এ দিনও জোটের পক্ষে সওয়াল করে মেয়র বলেন, "দলের ওয়ার্কিং কমিটির সদস্য হওয়া সত্ত্বেও আমাকে বৈঠকে না ডাকাই প্রমাণ করে দলে গণতন্ত্র নেই। ডাক পেলে আমি আমার মতামত জানাতাম। বলতাম, দল জোট করুক, আমি মেয়র পদ ছেড়ে দিতে রাজি আছি।"

এই পরিস্থিতিতে শনিবার রাতে মমতার বাড়িতে বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুশীল মোদীর সঙ্গে মমতার পুরভোট নিয়ে কথা হয়। মোদী জানতে চান, মেয়রের প্রস্তাবিত 'একের বিরুদ্ধে এক' নীতিটা ঠিক কী? মমতা তাঁকে বলেন, "প্রণববাবু পরিষ্কার জানিয়ে দিয়েছেন, কংগ্রেসের সঙ্গে রফা করতে হলে বিজেপির সঙ্গ ছাড়তে হবে। কিন্তু তৃণমূল এনডিএ-র শরিক হিসাবেই ভোটে লড়বে। কোনও ভাবেই বিজেপির সঙ্গ ছাড়বে না। সুতরাং কংগ্রেসের সঙ্গে জোটের প্রশ্ন উঠছে কী করে?" মোদীর কাছে মমতা অভিযোগ, "কিছু নেতাকে নানা রকম প্রলোভন দেখিয়ে তৃণমূলকে ভাঙতে চাইছে কংগ্রেস। কিন্তু কয়েক জন নেতা দল ছেড়ে চলে গেলেও তৃণমূল ভাঙার কোনও প্রশ্নই নেই। আর কলকাতায় কংগ্রেসের বিশেষ কোনও ভোট-ব্যাঙ্কও নেই। এখানে তৃণমূলই প্রধান বিরোধী দল।"

মোদী মমতাকে আশ্বাস দিয়ে বলেন, জোটের নেত্রী হিসাবে তিনি যা বলবেন তাই চূড়ান্ত। দু'দল এক সঙ্গে পুরভোটে লড়বে। আসন নিয়ে কথাবার্তা কয়েক দিনের মধ্যেই চূড়ান্ত হয়ে যাবে। মোদী-মমতার বৈঠকে পরে বিধায়ক পার্থ চট্টোপাধ্যায় এবং দিন কয়েক আগেও মেয়র-ঘনিষ্ঠ হিসাবে পরিচিত মেয়র পারিষদ (জল) শোভন চট্টোপাধ্যায় উপস্থিত ছিলেন। বিভিন্ন সময়ে বিজেপির রাজ্য নেতৃত্ব যে মহাজোট করার কথা বলছিলেন, সেই প্রসঙ্গে মোদী বলেন, "এমন কোনও সিদ্ধান্ত কেন্দ্রীয় নেতৃত্ব নেয়নি।" মমতাও মোদীকে বলেন, "গনি খান যে মাঝেমধ্যে মহাজোটের কথা বলেন, তারও কোনও ভিত্তি নেই।"

এ দিকে, সুব্রতবাবু মঞ্চ গড়লে তার নাম কী হবে, তা নিয়ে আলোচনা শুরু হয়েছে। একাংশের মত, কলকাতাকে ঘিরে মেয়রের 'সদর্থক কাজের' পরিপ্রেক্ষিতে মঞ্চের নাম আপাতত 'কলকাতা উন্নয়ন মঞ্চ' রাখা হোক। কিন্তু শহরের বাইরেও কয়েকজন বিধায়ক সুব্রতবাবুর সঙ্গে থাকায় মঞ্চের নামকরণ 'পশ্চিমবঙ্গ উন্নয়ন মঞ্চ' ভাবা হচ্ছে। সুব্রত শিবিরের দাবি, বুধবার রাতে তাঁর বাড়িতে ডাকা নৈশভোজে অন্তত ১২ জন বিধায়ক এবং ১৫ জন কাউন্সিলর যোগ দেবেন। কিন্তু মমতা শিবিরের হিসাব, দলের ৫৮ জন বিধায়কের

এর পর পাঁচের পাতায়

দলে ফিরলে গুরুত্ব, কথা দিলেন প্রণব

পার্থসারথি সেনগুপ্ত ● নয়াদিল্লি

২৩ এপ্রিল: সুব্রত মুখোপাধ্যায় কংগ্রেসে যোগ দিলে দলীয় সংগঠনে যথাযথ গুরুত্ব পাবেন বলেই আশ্বাস দিয়েছেন প্রদেশ সভাপতি প্রণব মুখোপাধ্যায়। তবে ঠিক কী পদ তাঁকে দেওয়া হবে, সেটা সনিয়া গাঁধীই ঠিক করবেন। শনিবার প্রতিরক্ষামন্ত্রী প্রণব মুখোপাধ্যায় বলেন, "সুব্রত গুরুত্বপূর্ণ রাজনৈতিক নেতা। ফলে, কংগ্রেসে এলে তিনি যে যথেষ্ট গুরুত্ব পাবেন, তা তো স্বাভাবিক। তবে তাঁকে কী পদ দেওয়া হবে তা কংগ্রেস সভানেত্রীই ঠিক করবেন।"

বস্তুত, সুব্রতবাবুকে যথাযোগ্য 'মর্যাদায়' কংগ্রেসে ফিরিয়ে এনে আগামী বছর বিধানসভা নির্বাচনে বুদ্ধদেব ভট্টাচার্যের সঙ্গে টক্কর দিতে চায় কংগ্রেস হাইকমান্ড। কলকাতা পুরসভার পরিচালনায় মেয়র হিসাবে সুব্রতবাবু 'কাজের মানুষ' হিসাবে যে সুনাম অর্জন করেছেন, তা পুরোপুরি কাজে লাগাতে চাইছেন তাঁরা। উল্লেখ করা যায়, মেয়র হিসাবে সুব্রতবাবুর এই ভূমিকাকে স্বীকার করে নিয়ে পুরনির্বাচনে তাঁর বিরুদ্ধে ব্যক্তিগত কোনও প্রচারে না যেতে মনস্থ করেছে সি পি এমও।

তবে, কেন্দ্র ও রাজ্যে দু'ধরনের রাজনৈতিক সমীকরণ নিয়ে সি পি এমের বিরুদ্ধে কত দূর এগোতে পারবে কংগ্রেস? এক দিকে দিল্লিতে মনমোহন-কারাট নৈশভোজ, অন্য দিকে পশ্চিমবঙ্গে সি পি এমের সঙ্গে টক্কর দেওয়ার চেষ্টা— এই দ্বন্দ্বের মীমাংসা তো সহজ নয়। বিষয়টিকে রাজনৈতিক বাধ্যবাধকতার পরিপ্রেক্ষিতেই বিচার করতে চান প্রণববাবু। তাঁর মতে, "১৯৮৯ সালে কংগ্রেসকে হটাতে বিশ্বনাথপ্রতাপ সিংহকে সামনে রেখে বাজপেয়ীকে মঞ্চে নিয়ে জনসভা করেছিলেন কমিউনিস্টরা। এটা বি জে পি'র উত্থানে সহায়ক হয়েছিল। তার পর বামেরা দেখলেন, বিপদ। বি জে পি বাড়ছে। ফলে, কংগ্রেসকে বেছে নেওয়া ছাড়া উপায় নেই। দেশে সংগঠিত বাম আন্দোলনের ইতিহাস প্রায় ৮৫ বছরের। আর, এখনও সারা দেশে ১০০টা আসনে বামেদের একা লড়াই করার পরিস্থিতি তৈরি হয়নি। আমরাও গত কয়েক বছরে আসন সংখ্যা বাড়া-কমার নানা ঘটনাপ্রবাহের মধ্যে দেখলাম, একা থাকলে চলবে না। দু'তরফেই পলিটিকাল কমপালসান।"

তবে, পশ্চিমবঙ্গে সি পি এমের বিরুদ্ধে লড়াইতে মমতা-ম্যাজিক যে 'ফেল' করেছে, তা নিয়ে সন্দেহ নেই প্রণববাবুর। উদাহরণ দিয়ে তিনি বলেন, "রাজ্যে সি পি এমের সন্ত্রাস রয়েছে রীতিমতো। তবে যে সব জায়গায় আমরা প্রতিরোধ গড়ে তুলতে পেরেছি, সেখানে নির্বাচনেও জিতেছি। যেমন, বহরমপুরে অধীর দেখিয়ে দিল। শঙ্কর সিংহেরও উদাহরণ দেওয়া যায়। যদিও প্রতিরোধ বলতে কেশপুর-লাইন আমি বলছি না।"

তবে প্রণববাবু সাফ জানান, রাজ্যে পাড়ায় পাড়ায়, গ্রামে গ্রামে যেমন সি পি এমের 'লোক' আছে, সে রকম সংগঠন গড়ে তুলতে কংগ্রেস ব্যর্থ। কোনও বিশেষ

এর পর পাঁচের পাতায়

24 APR 2005 ANADABAZAR PATRIKA P.T.O

সুব্রতর মুখ

প্রথম পাতার পর

মধ্যে বড় জোর জনা-চারেক যেতে পারেন। মেয়র-হীন দল নিয়ে পুরভোটে লড়তে হলে কী কৌশল তাঁরা নেবেন, সেই বিষয়ে মমতা তাঁর বাড়িতে দফায় দফায় বৈঠক করছেন। যুব তৃণমূল সভাপতি মদন মিত্র জানান, ৩০ এপ্রিল পার্ক সার্কাসের সভায় মমতা কর্মসূচি ঘোষণা করবেন। তার আগে নেতা ও কর্মীদের মনোভাব বুঝতে মমতা নিজে কলকাতার বিভিন্ন সমাবেশে যাচ্ছেন। আজ, রবিবারও দলের উত্তর-পশ্চিম কলকাতার কর্মী সম্মেলনে যোগ দিতে তিনি বি কে পাল পার্কে আসবেন বলে স্থানীয় বিধায়ক তারক বন্দ্যোপাধ্যায় জানান।

পুরভোটে কংগ্রেস-সহ সমস্ত সি পি এম বিরোধী দল নিয়ে জোটকে সমর্থন করায় বিধায়ক নির্বেদ রায় ও পরশ দত্তকে তৃণমূল সাসপেন্ড করেছে। কিন্তু সুব্রতবাবুর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়নি। মমতার ঘনিষ্ঠ এক নেতা বলেন, "সুব্রতকে শহিদ হতে দেব না।" শুনে সুব্রতবাবু বলেন, "কে কাকে শহিদ বানায়? আমি কোনও অন্যায় করিনি। সি পি এম-কে পরাস্ত করতে শুধু কংগ্রেস নয়, সমস্ত সিপিএম বিরোধী দলকে নিয়েই জোট চাইছি।" পঙ্কজ বন্দ্যোপাধ্যায়, সাধন পাণ্ডেরা অবশ্য বলছেন, লোকসভার নির্বাচনে সুদীপ বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লড়তে নামার সময়ে এই তত্ত্ব তো সুব্রতবাবুর মাথায় আসেনি!

দলে ফিরলে

প্রথম পাতার পর

নেতানেত্রী-কে ঘিরে মিডিয়া-হাইপ হয়েছে। তাতে কয়েকটা ভোটও বেড়েছে। কিন্তু আসন বাড়ল কোথায়? প্রতিরক্ষামন্ত্রীর কথায়, "বিধানসভা নির্বাচনে মমতাকে মুখ্যমন্ত্রী হিসাবে 'প্রজেক্ট' করা হল। রাজ্য বিধানসভার ২৩৫টি আসনে মমতা প্রার্থী দিলেন, আমরা দিলাম ৫৯টা আসনে।" ফল? প্রণববাবুর সংযোজন, "তৃণমূল পেল ৬০টি আসন, আমরা ২৬টা, আর জোট-সমর্থক নির্দল চার জন। অবিভক্ত কংগ্রেসের ছিল ৮৬টা আসন, দু'দল মিলে পেল ৯০। নিট ল্যাভ চারটে।" আর লোকসভা নির্বাচনে প্রচারে গিয়ে যে ধরনের সাড়া মিলেছিল, তাতে তিনি আশা করেছিলেন জেতার মার্জিনটা হবে বড় মাপের। প্রণববাবুর বেবাক স্বীকারোক্তি, "জিতেছি হাজার ৩৫-৩৬ ভোটে। এটা কি বড় ব্যবধান?"

আসলে সাংগঠনিক ব্যর্থতার ক্ষেত্রে কতকগুলি বিষয়ে কংগ্রেস তথা সি পি এম বিরোধী শক্তিগুলি পশ্চিমবঙ্গে পিছিয়ে রয়েছে। যেমন, প্রণববাবুর কথায়, "রাজ্যে তফসিলি জাতি-উপজাতি গোষ্ঠীর জন্য সংরক্ষিত আসনের সংখ্যা প্রায় ৭৮টি। ১৯৭৭ থেকে শুরু করে ২০০১ পর্যন্ত ৬ টি বিধানসভা নির্বাচনে আমরা এই আসনগুলি জিতেছি কখনও দুটি, কখনও তিনটি বা চারটি।" কৃষক-মহিলা সংগঠনেও পিছিয়ে পড়ার সমস্যা রয়েছে। পঞ্চায়েত স্তরে এই ধরনের গণসংগঠনগুলিই অগ্রণী ভূমিকা নেয়। প্রদেশ সভাপতির ব্যাখ্যা, "শ্রমিক বা ছাত্রযুব ফ্রন্টে আমাদের সংগঠন রয়েছে। দ্বিতীয়টিতে বেশ ভালই। তবে, ছাত্র-যুবরা তো আর চিরকাল কচিকাঁচা থাকেন না, তাঁরা বিভিন্ন পেশায় যান। সংসারী হন। ফলে ভোটের ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি কার্যকর হয় কিষাণসভা বা কর্মচারী ফ্রন্ট। যে ব্যাপারে সি পি এম সফল।" সংখ্যালঘু ভোটে অবশ্য কংগ্রেসের ছবিটা তুলনায় ভাল।

24 APR 2005 ANADABAZAR PATRIKA

Rift widens as mayor plans mahajot march

Arindam Sarkar
Kolkata, April 22

THE TRINAMOOL on Friday lurched further towards a formal split with the party's working committee deciding at a closed-door meeting to fight the June 19 civic polls in alliance with the BJP and more than 30 of the 57 KMC councillors and 15 MLAs rallying behind mayor Subrata Mukerhjee who wants to align with the Congress to forge an anti-Left *mahajot*.

With postures hardening on both sides, the working committee warned the rebels to fall in line or face action. Some hardliners also wanted Mukherjee immediately show-caused.

The mayor, on his part, spent much of the day working out the logistics of a pre-*mahajot mahamichhil* (great march) on May 1 to be led apart from him by former chief minister S.S. Ray, A.B.A. Ghani Khan Chowdhury, Pranab Mukherjee, P.R. Das Munshi, Bikram Sarkar and other heavyweights of the proposed front.

Subrata Mukherjee
Frontal assault

"The rally will also be joined by the councillors who are with the mayor," suspended MLA Nirbed Roy said.

The final shape of the front, however, will emerge only on April 26 when the mayor hosts a dinner for the rebel councillors. On April 30, he and some other pro-front leaders will hold a meeting with Pranab Mukherjee and Dasmunshi. "We have talked several times. Now we have to sit down to finalise the seat adjustments," a rebel councillor said.

Anticipating further erosion in the anti-Left camp, if not a last-minute capitulation by Mamata, the mayor and the Congress decided they would give 20 seats to the Trinamool. "We want to take along the councillors who are with Mamata and would contest on Trinamool tickets," a councillor said.

Already, eight of the nine borough chairmen and five of the 10 MMiCs have pledged support to the mayor. "The *mahamichhil* on May 1 may hold one or two surprises for you all," the mayor said.

23 APR 2005
THE HINDUSTAN TIMES

ANADABAZAR PATRIKA

কংগ্রেসের সঙ্গে জোট নয়, ভাঙনের দিকেই এগোল তৃণমূল

স্টাফ রিপোর্টার: তৃণমূলে ভাঙনরেখা শুক্রবার আরও স্পষ্ট হয়ে গেল। এ দিন দলের ওয়ার্কিং কমিটির বৈঠকের পরে জানিয়ে দেওয়া হয়, পুর ভোটে কংগ্রেসের সঙ্গে কোনও জোট গড়বে না তৃণমূল কংগ্রেস। অন্য দিকে, জোট গড়ার ব্যাপারে মেয়র সুব্রত মুখোপাধ্যায় এখনও অনড়। তিনি এই ব্যাপারে তাঁর যাবতীয় তৎপরতাও চালিয়ে যাচ্ছেন। পাশাপাশি, তৃণমূল এবং সুব্রতবাবু উভয়েই পরস্পরের বিরুদ্ধে সি পি এমের হাত শক্ত করার অভিযোগ তুলতে শুরু করেছেন।

তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে অবশ্য এই প্রসঙ্গে এ দিন একটি কথাও বলেননি। বরং দলের ওয়ার্কিং কমিটির বৈঠকের পরেই তিনি তাঁর কালীঘাটের বাড়িতে রুদ্ধদ্বার বৈঠক করেন বি জে পি-র রাজ্য সভাপতির সঙ্গে। তৃণমূল কংগ্রেসের পক্ষে পঙ্কজ বন্দ্যোপাধ্যায় বলেন, "রাজ্যের মূল বিরোধী দল হিসাবে তৃণমূলকে দুর্বল করার জন্য আলিমুদ্দিন স্ট্রিটের সহায়তায় কংগ্রেসের নেতৃত্বে একটা ষড়যন্ত্র চলছে। মানুষ এর মোকাবিলা করবে।"

জবাবে সুব্রতবাবু বলেন, "আমি শুধু কংগ্রেসকে নিয়ে জোট গড়ার কথা বলিনি। সি পি এম-বিরোধী সব দলকে নিয়ে জোট গড়তে চাই। কোনটা বেশি শক্তিশালী? এই জোট গড়তে না-দিয়ে কারা সি পি এমের হাত শক্ত করছে, রাজ্যের মানুষ সেই বিচার করবে।" মেয়র শুক্রবারেও রাত পর্যন্ত দফায় দফায় আলোচনা চালিয়ে যান তাঁর ঘনিষ্ঠ বিধায়ক ও কাউন্সিলরদের সঙ্গে।

দূর থেকে সব কিছু নিয়ন্ত্রণ করলেও এ দিন বিকেলে তপসিয়ার তৃণমূল ভবনে দলের ওয়ার্কিং কমিটির বৈঠকে মমতা ছিলেন না। তিনি বাড়িতে ছিলেন। আর ওয়ার্কিং কমিটির সদস্য হওয়া সত্ত্বেও তাঁকে বৈঠকে ডাকা হয়নি বলে জানান সুব্রতবাবু। তাঁর ঘনিষ্ঠ এক তৃণমূল নেতার কথায়, "বৈঠকে মেয়রকে ডাকলে বিপদ হত। কারণ, সেখানে তিনি কার্যত একা হয়ে পড়তেন। তাই সুব্রতবাবুর পরবর্তী কর্মপন্থা নির্ধারণ করা আরও সহজ হয়ে গেল।"

তৃণমূলের এ দিনের বৈঠকে সভাপতিত্ব করেন পঙ্কজবাবু। সুব্রতবাবু না-থাকলেও তাঁর নাম না-করে বৈঠকে তাঁকে কার্যত 'সি পি এমের সাহায্যকারী' ও 'দলের বিরুদ্ধে ষড়যন্ত্রকারী' বলে অভিযুক্ত করা হয়েছে। অজিত পাঁজা, সাধন পাণ্ডে থেকে শুরু করে দলের যুব নেতা মদন মিত্রেরা আলাদা আলাদা ভাবে অভিযোগ করেন, মূল বিরোধী শক্তি হিসাবে তৃণমূলকে খাটো করে সি পি এম-কে সাহায্য করতে চায় ষড়যন্ত্রকারীরা।

বৈঠকের পরে পঙ্কজবাবু বলেন, "পশ্চিমবঙ্গে এন ডি এ-কে সঙ্গে নিয়ে আমরা একক ভাবে এই ষড়যন্ত্রের মোকাবিলা করব। ওই ষড়যন্ত্রকারীদের মুখোশ খুলে দেবে বাংলার মানুষই।"

এই বৈঠকের পরে দলে ভাঙন এড়ানো যে কঠিন, পঙ্কজবাবু, মদনবাবুর বক্তব্যেই তা স্পষ্ট। ওয়ার্কিং কমিটির সিদ্ধান্তে তাঁরা 'খুশি হয়েছেন' বলে মন্তব্য করে মদনবাবু বলেন, "পার্টি একটা পরিষ্কার লাইন নিল। এ বার সি পি এমের সঙ্গে হাত মেলানো কংগ্রেসের সঙ্গে জোট গড়ার কথা বলে কেউ যদি এগোন, তা হলে সেটা হবে দল-বিরোধী কাজ।" সুব্রতবাবু এ দিনও কংগ্রেসকে সঙ্গে নিয়ে সি পি এম-বিরোধী জোটের পক্ষে সওয়াল করায় তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক কোনও ব্যবস্থা নেওয়া হবে কি না, তা জানতে চাইলে পঙ্কজবাবু সরাসরি উত্তর এড়িয়ে গিয়ে বলেন, "আমাদের দলে একটি শৃঙ্খলা রক্ষা কমিটি আছে। সেই কমিটিই যা করার করবে।" দলীয় বিধায়ক নির্বেদ রায় ও পরশ দত্তের বিরুদ্ধে কমিটি ইতিমধ্যেই সাসপেনশনের আদেশ দিয়েছে।

এ দিকে, তৃণমূল কংগ্রেসের ওয়ার্কিং কমিটির বৈঠক শেষ হওয়া মাত্র আসন-রফা নিয়ে এন ডি এ-তে তাঁদের জোটসঙ্গী বি জে পি-র রাজ্য সভাপতি তথাগত রায়ের সঙ্গে তড়িঘড়ি নিজের বাড়িতেই বৈঠক সেরে নেন মমতা। ওই বৈঠক নিয়ে মমতা বলেন, "তথাগতদা অনেক দিনই আমার সঙ্গে কথা বলতে চাইছিলেন। সময় হচ্ছিল না। এটা আমাদের সৌজন্যমূলক সাক্ষাৎকার।"

মমতার সঙ্গে প্রায় দু'ঘণ্টার বৈঠকের পরে তথাগতবাবু অবশ্য বলেন, "বিভিন্ন সংবাদমাধ্যমে তৃণমূলের ভিতরের যে-সব খবর পাচ্ছিলাম, তার বাস্তব অবস্থাটা যাচাই করতে চাইছিলাম। তৃণমূল নেত্রী আমাদের আশ্বস্ত করেছেন। বলেছেন, তৃণমূল এন ডি এ-র সঙ্গেই আছে।" তথাগতবাবু আসন-রফা নিয়ে তৃণমূল নেত্রীর কাছে জানতে চাইলে মমতা তাঁকে আশ্বাস দেন, দু'-এক দিনের মধ্যেই এই কাজ সারা হবে। যদিও ৭৯টি পুরসভায় তাঁদের প্রার্থী বাছাইয়ের কাজ শেষ হয়ে গিয়েছে এবং অধিকাংশ পুরসভায় দলের প্রার্থীরা মনোনয়নপত্রও জমা দিয়েছেন বলে দাবি করেছেন পঙ্কজবাবু।

বসে নেই মেয়রের অনুগামীরাও। আলাদা মঞ্চ গড়ে কংগ্রেসের সঙ্গে জোট বেঁধে সি পি এমের নেতৃত্বাধীন বামফ্রন্টের বিরুদ্ধে লড়াইয়ের জন্য প্রস্তুত হচ্ছেন তাঁরা। সুব্রতবাবু মুখ না-খুললেও তাঁর ঘনিষ্ঠ এক নেতা জানিয়েছেন, তাঁরা মঞ্চের প্রতীক বাছাইয়ের কাজ শুরু করে দিয়েছেন। মেয়রের ঘনিষ্ঠ মহল সূত্রে জানা গিয়েছে, দিল্লিতে কংগ্রেসের হাইকমান্ডের সঙ্গে যোগাযোগ রাখছেন তাঁরা।

ভাঙনের দিকেই গড়াচ্ছে তৃণমূল

বৈঠকে সুব্রতর জোট-প্রস্তাব খারিজ • তীব্র প্রতিক্রিয়া মেয়রের • মমতা-তথাগত কথা হল

আজকালের প্রতিবেদন: কলকাতার মেয়র সুব্রত মুখার্জির জোটের লাইন কড়া ভাষায় খারিজ করে দিল তৃণমূল। বস্তুত তৃণমূলে বিরোধ আর দলের মধ্যে সীমাবদ্ধ রইল না। যুদ্ধং দেহি পরিস্থিতিতে একদিকে তৃণমূল সর্বেসর্বা মমতা ব্যানার্জি। অন্যদিকে মেয়র সুব্রত মুখার্জি। শুক্রবার বিকেলে তৃণমূল ভবনে দলের বর্ধিত ওয়ার্কিং কমিটির বৈঠকের পর সাংবাদিকদের কাছে উপস্থিত নেতৃত্ব জানিয়ে দেন, কংগ্রেসের সঙ্গে কোনওরকম রফা করবে না তৃণমূল। এ সময়ে নেতৃত্ব কঠোর ভাষায় সুব্রত-বিরোধী কথাবার্তাও বলেন। পরে সুব্রতও পাল্টা বলতে ছাড়েননি। নিশ্চিত ভাঙনের দিকে গড়াচ্ছে তৃণমূল। যা চিত্র, তাতে বলাই যায়, ভাঙন আর শুধু সময়ের অপেক্ষা। এদিন রাতে বড়িশায় এক দলীয় সভায় মমতা বলেন, মানুষের মহাজোট চাই। কংগ্রেসের সঙ্গে জোট হবে না। আমরা এককভাবে লড়ে বাংলার বুকে আবার প্রমাণ করব, বেইমান মিরজাফরদের কোনও জায়গা নেই। ষড়যন্ত্রের চেষ্টা চলছে। ষড়যন্ত্র করে তৃণমূলকে ভাঙা যাবে না। ২০০১ সালে নির্বাচনে কংগ্রেসের সঙ্গে জোট বেঁধে ফল হয়েছে, পেছন থেকে ছুরি মেরেছে। একথা তৃণমূলিরা সবাই জানেন। তাহলে হঠাৎ কী হল ভোটের আগে জোট-জোট চিৎকারের! মন কষাকষি থাকতেই পারে। সেটাকে মেনে নিতে হবে। আঙুল ফুলে কলাগাছ হলেই মিরজাফরগিরি করতে হবে— এটা ঠিক নয়। যাঁরা কংগ্রেসের সঙ্গে জোট চাইছেন, তাঁরা জেনে রাখুন, আগে কংগ্রেস ছিল সি পি এমের বি-টিম। এখন মেন টিম। ওরা পার্লামেন্টে সি পি এমের সঙ্গে জোট বেঁধেছে। আগামী বিধানসভায় তৃণমূলকে ভেঙে শেষ করে দিতে চায়— এটাই উদ্দেশ্য। রুলিং পার্টি এটা করাতে চাইছে। দলীয় সভায় ভাষণের বয়ান রাতেই পেয়ে যান সুব্রত। বলেন, 'মমতা কেন শুধু কংগ্রেস কংগ্রেস করছে। শুধু কংগ্রেস নয়, আমি তো সব সি পি এম-বিরোধী দল নিয়েই জোট বাঁধার কথা বলছি। ও যদি না বোঝে, আমার আর কী করার আছে। ও চেঁচাক; গাল দিক। আমার নির্দিষ্ট কর্মসূচি আছে। তাড়াহুড়োর কিছু নেই। আগে ২৬ এপ্রিল আসুক।' এদিন তৃণমূল ভবনে দলের পরিষদীয় নেতা পঙ্কজ ব্যানার্জি যখন সুব্রতর বিরুদ্ধে বক্তব্য পেশ করছেন, তখন কালীঘাটে নিজের বাড়ির লাগোয়া দপ্তরে স্বয়ং মমতা পুরভোটে আসন ভাগাভাগি নিয়ে কথা বলছেন বি জে পি রাজ্য সভাপতি তথাগত রায়ের সঙ্গে। অর্থাৎ, ভোটে কংগ্রেস নয়, বি জে পি-র হাত ধরে রাখার বিষয়টি দিনের আলোর মতোই স্পষ্ট করে দিল তৃণমূল। এদিন ওয়ার্কিং কমিটির সভায় ছিলেন না মমতা, সুব্রতও। মমতা সভায় থাকবেন না, আগেই ঠিক করা ছিল। আর মেয়রকে সভায় ডাকাই হয়নি। বৈঠকে উপস্থিত উল্লেখযোগ্য নেতাদের মধ্যে ছিলেন পঙ্কজ ব্যানার্জি, শোভনদেব চ্যাটার্জি, সুব্রত বক্সি, পার্থ চ্যাটার্জি, সৌগত রায় প্রমুখ। কিছুক্ষণের জন্য ছিলেন অজিত পাঁজাও। বৈঠকের পর পঙ্কজ সাংবাদিকদের বলেন, 'আমাদের দলের সিদ্ধান্ত, কংগ্রেসের সঙ্গে আমরা জোট, মহাজোট কিছুই করব না। দলের কাঁথি সম্মেলনে যে স্ট্যান্ড ছিল, এখনও তা-ই রয়েছে। রাজ্যে সি পি এম-বিরোধী শক্তি বলতে একমাত্র মমতাই। কেউ কেউ মহাজোটের নামে কংগ্রেসের হাত ধরতে চাইছে। অনেকে সি পি এমের হাত শক্তিশালী করতে চায়, তারা আমাদের কাছে অস্পৃশ্য। আসলে আমাদের লড়াইকে দুর্বল করার ষড়যন্ত্র হচ্ছে।' পঙ্কজের কথার পরিপ্রেক্ষিতে পরে সুব্রত জানান, 'আমার কোনও লুকোছাপা নেই। সি পি এমকে ঠেকাতেই বাম-বিরোধী জোটের কথা বারবার বলছি। এটাই সাধারণ মানুষের ইচ্ছা। আগাম বলা সত্ত্বেও যদি কেউ সতর্ক না হয়, তা হলে আমাকেও নিজের মতো করে চলতে হবে।' এদিন পঙ্কজকে সাংবাদিকরা প্রশ্ন করেন, সুব্রতবাবুকে ওয়ার্কিং কমিটির বৈঠকে ডাকা হল না কেন? জবাবে পঙ্কজ বলেন, 'বুধবার গভীর রাতে মেয়র তৃণমূল নেত্রীর বাড়ি যান। মেয়রকে দলের লাইন জানিয়ে দেওয়া হয়। এও বলা হয়, দলের লাইন অর্থাৎ, আমরা যে মহাজোট চাইছি না, তা বৃহস্পতিবার সাংবাদিকদের ডেকে বলে দিতে। উনি রাজিও হয়ে যান। কিন্তু উনি কিছুই বললেন না। কর্পোরেশনেও এলেন না। এর পরই ওয়ার্কিং কমিটির বৈঠকের সিদ্ধান্ত নেওয়া হয়।' এই সময় সৌগত রায় বলেন, 'মেয়র প্রতিশ্রুতি দিয়েছিলেন দলের লাইনে

এরপর ৫ পাতায়

টিকিটের জন্যে তৃণমূল ভবনে বিক্ষোভ

আজকালের প্রতিবেদন: পুরসভায় মনোনয়ন পাওয়া নিয়ে শুক্রবার তৃণমূল ভবনে এসে বরানগর পুরসভার বেশ কিছু তৃণমূল কর্মী বিক্ষোভ দেখিয়ে গেলেন। এদিন তৃণমূল ভবনের দোতলায় ছিল দলের বর্ধিত ওয়ার্কিং কমিটির বৈঠক। সন্ধে ৬টা নাগাদ বেশ কয়েকজন তৃণমূল কর্মী দোতলায় উঠে এসে জ্যোতিপ্রিয় মল্লিককে বলেন, বরানগর পুরসভায় গোপাল আচার্যকে মনোনয়ন দেওয়া চলবে না। স্লোগান দেন তাঁরা। চিৎকার-চেঁচামেচি শুরু হয়ে যায়। জ্যোতিপ্রিয়কে ধাক্কা মারেন কয়েকজন। ঠেলাঠেলি শুরু হয়। তৃণমূলের পক্ষ থেকে অভিযোগ করা হয়, জ্যোতিপ্রিয়র গায়ে হাত তোলা হয়েছে। বর্ধিত বৈঠক থেকে বেরিয়ে আসেন দলের সভাপতি সুব্রত বক্সি, মুকুল রায়। কে শোনে কার কথা! গোলমাল বাড়তে থাকে। জ্যোতিপ্রিয় তাঁর ঘরে ঢুকে যান। কয়েকজন তাঁর ঘরে ঢুকে চিৎকার করে বলেন, গোপাল আচার্যর নাম কাটতে হবে। জ্যোতিপ্রিয় বাধ্য হয়ে গোপালের নাম কেটে দেন। বরানগরের কর্মীরা ফিরে যান। যাঁরা বিক্ষোভ দেখাতে এসেছিলেন, তাঁরা প্রাক্তন সাংসদ রণজিৎ পাঁজার অনুগামী।

23 APR 2005 AAJKAL

P.T.O.

ভাঙনের দিকেই তৃণমূল

১ পাতার পর

চলবেন। সাংবাদিকদেরও বলবেন।'

পঙ্কজ: কেউ কেউ মেকি মহাজোটের কথা বলছে।

সাংবাদিক: কেউ কেউ কারা? মেয়র আছেন?

পঙ্কজ: আমরা নাম বলছি না। বিষয়টা বলছি।

সাধন: আমরা কি হ্যাংলা? কংগ্রেসের সঙ্গে যাব? ওরা ডেকেছে? কারও ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করতে হাত মেলাব কেন?

পঙ্কজ: পুরভোটে প্রমাণ করে দেব আমরা...

সাংবাদিক: কী প্রমাণ?

পঙ্কজ: দেখতে পাবেন।

সাংবাদিক: সুব্রত তৃণমূল নেত্রীর ঘোষিত মেয়র। এখনও কি মেয়র হিসেবে তাঁকেই ভোটে তুলে ধরছেন?

পঙ্কজ: পরিবর্তনশীল জগতে পরিবর্তন হয়।

রাতে সুব্রত জানান, ঠিকই, আমি কথা বলতে গিয়েছিলাম। আমার লাইন জানিয়ে এসেছি। মমতার সঙ্গে বৈঠকের পর সাংবাদিক বৈঠকের ব্যাপারে কাউকে কোনও প্রতিশ্রুতি দিইনি। আমি কী করব, না করব— তা আমিই ঠিক করব। কাউকে দাসখত লিখে দিইনি। এটা আবার দল নাকি। ওরাই তো সি পি এমের হাত শক্ত করছে। ওরা হিপোক্রেসি করছে। আমি ওয়ার্কিং কমিটির সদস্য। বৈঠকে ডাকা উচিত ছিল। এদিকে আগে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পঙ্কজ জানিয়ে দেন, 'কথামতো বৃহস্পতিবার সাংবাদিক বৈঠক না করার পরই আমরা বুঝে যাই যে, সুব্রত দলের লাইন মানছেন না। তাই ওঁকে আর এদিন ডাকিনি।' এ ব্যাপারে সুব্রত বলেন, 'সব কথায় হ্যাঁ বলতে হবে, গণতান্ত্রিক দলে এটা চালু হলে কবে থেকে? ওরা আমাকে এদিনের বৈঠকে থাকার জন্য চিঠি দেয়নি, ফোনও করেনি। জোটের লাইন থেকে আমি সরছি না।' শুক্রবার সন্ধ্যায় রাজ্য ইনটাক দপ্তরে আসেন সুব্রত। সেখানে ছিলেন তাপস রায়, অশোক দেব, প্রমথেশ সেন, মিলন চৌধুরিরা। সেখানে কথায় কথায় তিনি বলেন, 'ডাকলে বৈঠকে যেতাম। সারাদিন অপেক্ষায় ছিলাম। মেয়র থাকি বা না থাকি, আপত্তি নেই। ওরা অন্য কাউকে মেয়র করুক। কিন্তু এ কথা হাজারবার বলব, রাজ্যের সাধারণ মানুষ জোটই চায়।' এদিনের ওয়ার্কিং কমিটির বৈঠকে তৃণমূলের প্রায় প্রত্যেক নেতাই সুব্রতর বিরুদ্ধে ব্যাপক ক্ষোভ প্রকাশ করেন। শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, সুব্রতকে আমি ছোটবেলা থেকে চিনি। নিজের স্বার্থ ছাড়া কিছু বোঝে না। ক্ষমতার লোভে ও এখন নানারকমের কাজ করবে। সুব্রত বক্সি বলেন, মমতার ভাবমূর্তি নষ্ট করে সুব্রতদা নিজের ভাবমূর্তি তুলে ধরতে চাইছেন। সঞ্জয় বক্সি বলেন, আমাদের দলে দুজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। আরও অনেকের বিরুদ্ধে নেওয়া দরকার। মদন মিত্র বলেন, সুব্রতদা আমাকে প্রায়ই বলতেন দল দেখবি ভেঙে যাবে। আমি গিয়ে মমতাকে সব বলে দিতাম। সৌগত রায় বলেন, বুধবার দিন সুব্রত মমতাকে ফোন করে বলে যে, রাত ১১টায় আসব। আবার কিছুক্ষণ পরে ফোন করে বলে বৈঠকটা রাত ১২টায় করলে ভাল হয়। তবে এই বৈঠক অন্য কোনও জায়গায় হলে ভাল হয়। হোটেল বা রেস্তোরাঁয় হতে পারে। মমতা একজন মহিলা। তিনি কোনওদিন হোটেল বা রেস্তোরাঁয় যাননি। এই ধরনের প্রস্তাব সুব্রত দিতে পারেন! সাধন পাণ্ডে বলেন, আমরা ভিক্ষের ঝুলি নিয়ে বসে নেই কংগ্রেসের সঙ্গে জোট করার জন্য। বৈঠকে সবাই মিলে আলোচনা করেন সুব্রতকে আর মেয়র হিসেবে নামানো হবে না। ওদিকে কালীঘাটে মমতার সঙ্গে এক ঘণ্টার বৈঠক সেরে তথাগত রায় জানিয়ে দেন, আমরা এন ডি এ-র শরিক। তাই সুব্রত মুখার্জির বিষয় নিয়ে আলোচনা করেছি। কিন্তু এ নিয়ে আপাতত কিছু বলছি না। মমতার সঙ্গে আসন রফা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। সঙ্গে ছিলেন রাহুল সিনহা। তাঁর বক্তব্য, দু-তিনদিনের মধ্যেই আসন সমঝোতা নিয়ে কথা হবে।

23 APR 2005 AAJKAL

গভীর রাতে মুখোমুখি মমতা-সুব্রত, জট তবু...

বিশ্বজিৎ সিংহ, দীপঙ্কর নন্দী, মধুমিতা দত্ত

আজ বসছে ওয়ার্কিং কমিটি

ওদের জোট নিয়ে উদ্বিগ্ন নই : বিকাশ

আজকালের প্রতিবেদন: নির্বাচনের সময়ে নিচুস্তরে কংগ্রেস-তৃণমূলের আঁতাত বরাবরই থাকে। ও নিয়ে আমাদের কোনও ভাবনা বা উদ্বেগ নেই। উৎসাহও নেই। আমরা আমাদের মতো করে সাংগঠনিক কাজ করি আরও বেশি করে মানুষের সমর্থন পাওয়ার জন্য। পুর নির্বাচনে কংগ্রেস-তৃণমূল জোট প্রসঙ্গে বিকাশরঞ্জন ভট্টাচার্য এ কথা বলেছেন।

বুধবার গভীর রাতে মুখোমুখি কথা বলে, বৃহস্পতিবার দিনভর কলকাতার মেয়র সুব্রত মুখার্জির বিবৃতির অপেক্ষায় রইলেন তৃণমূল সর্বেসর্বা মমতা ব্যানার্জি। রাতের বৈঠক শেষে নেত্রীর প্রস্তাব মতো মেয়র তাঁর রাজনৈতিক অবস্থান নিয়ে বৃহস্পতিবার সন্ধে পর্যন্ত প্রকাশ্যে মুখ খোলেননি। তবে রাতে প্রশ্নের উত্তরে সুব্রত বলেন, 'মমতার সঙ্গে বৈঠকের পর নতুন করে বলার মতো কিছু নেই। অবশ্য ২৬ এপ্রিলের মধ্যেই আমার রাজনৈতিক অবস্থান স্পষ্ট হয়ে যাবে।' বৃহস্পতিবার রাতে দক্ষিণ কলকাতায় দলীয় নেতা গোবিন্দচন্দ্র নস্করের মেয়ের বিয়ের অনুষ্ঠানে মমতা ঘুরে যাওয়ার পর সেখানে পৌঁছন সস্ত্রীক সুব্রত মুখার্জি। ফলে মমতার সঙ্গে সুব্রতর ওখানে আর দেখা হয়নি। এদিকে এদিন সন্ধ্যায় কালীঘাটের বাড়িতে পরিষদীয় নেতা পঙ্কজ ব্যানার্জির সঙ্গে আলোচনায় বসেন তৃণমূল নেত্রী। তাঁর সঙ্গে কথা হয় সৌগত রায় ও সাধন পাণ্ডেরও। এরপরই মমতা আজ, শুক্রবার বেলা ৪টায় তৃণমূল ভবনে দলের ওয়ার্কিং কমিটির জরুরি বৈঠক ডাকার সিদ্ধান্ত নেন। এই বৈঠকে থাকার জন্য বলা হচ্ছে সুব্রত মুখার্জিকেও। বৈঠকে পঙ্কজ একটি প্রস্তাব আনবেন। যার মূল কথা, পুর-নির্বাচনে কংগ্রেসের সঙ্গে জোট নয়। কেননা, পুর-নির্বাচনে রাজ্যে অন্যত্র একরকম, কলকাতায় অন্যরকম— এই রকম রাজনৈতিক দ্বিচারিতা করা হবে না। যদি সুব্রত বৈঠকে আসেন তাহলে সংখ্যাগরিষ্ঠতায় তাঁর রাজনৈতিক লাইন বাতিল হয়ে যাবে। আর না এলে প্রমাণিত হবে যে, দলের সিদ্ধান্ত জানতাম না বলাটা সুব্রতর বাহানা। আসলে এদিন সন্ধ্যার পর মমতার কাছে খবর আসে, আলাদা মঞ্চ গড়ে কংগ্রেসের সঙ্গে জোট গড়ার ভাবনা থেকে সুব্রত মোটেই সরে আসেননি। বরং সুব্রত জানার চেষ্টা করেছেন, তাঁর প্রস্তাবিত মঞ্চে প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় নেতৃত্ব দেবেন কিনা। ওদিকে, বুধবার গভীর রাতে সুব্রতকে অনেক বুঝিয়েসুঝিয়ে, মমতার বাড়িতে নিয়ে আসা হয়। সাধন পাণ্ডে ও পার্থ চ্যাটার্জির মতো দলের উদারপন্থী নেতারা কয়েকদিন ধরে দলের দুই শীর্ষ ব্যক্তিত্বকে একান্তে বসানোর যে চেষ্টা করছিলেন, বুধবার রাতে তা সম্পন্ন করেন তরুণ নেতা, মেয়র পারিষদ শোভন চ্যাটার্জি। খাওয়া সেরে মেয়র যখন ঘুমোনোর প্রস্তুতি নিচ্ছিলেন, তখনই শোভন হাজির হয়ে মমতার কাছে নিয়ে যাওয়ার জন্য একরকম পীড়াপীড়ি শুরু করেন। সংগঠনে মমতার এবং পুরসভায় সুব্রতর এই প্রিয়পাত্রর কোয়ালিস গাড়িতেই রাত ১টা নাগাদ নেত্রীর বাড়ি এসে পৌঁছন মেয়র। সঙ্গে ছিলেন শোভন ছাড়াও সমাজবাদী পার্টির নেতা বিজয় উপাধ্যায়। গাড়িতে ওঠার আগেই মমতার সঙ্গে টেলিফোনে একদফা কথা হয় সুব্রতর। বস্তুত, সংবাদ মাধ্যমকে এড়াতে দুজনেই গভীর রাতে বৈঠকের সময় ঠিক করেন। হরিশ চ্যাটার্জি স্ট্রিটে বাড়ির লাগোয়া দলের অফিস ঘরে অপেক্ষায় ছিলেন মমতা। এসে যান দলের দুই সিনিয়র বিধায়ক সাধন পাণ্ডে ও সৌগত রায়। আর ছিলেন মমতা-ঘনিষ্ঠ দুই

এরপর ৫ পাতায়

সুব্রত কংগ্রেসে ফিরুক: প্রণব

দিল্লি ও কলকাতা, ২১ এপ্রিল— তৃণমূলে মমতা-সুব্রতর টানাপোড়েন নিয়ে আপাতভাবে কোনও হেলদোল লক্ষ্য করা যাচ্ছে না রাজ্য কংগ্রেস শিবিরে। বৃহস্পতিবার রাজ্য দপ্তরে জেলার প্রার্থীদের প্রতীক বিলি নিয়েই ব্যস্ত ছিলেন প্রদীপ ভট্টাচার্য, চন্দ্রিমা ভট্টাচার্য, বাদল ভট্টাচার্য ও সুবিমল মিত্ররা। অন্য দিকে দিল্লিতে প্রদেশ রাজ্য সভাপতি প্রণব মুখার্জি মহাজোটের সম্ভাবনা উড়িয়ে দিয়ে বলেন, সুব্রত কংগ্রেসে এলে স্বাগত। আমার সঙ্গে ওর কয়েকবার কথাও হয়েছে। আমি চাই ও ফিরে আসুক। কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি প্রদীপ

দেবারুণ রায়, অর্পিতা চৌধুরি

ভট্টাচার্য বলেন, মমতা বা সুব্রত কে কী বললেন, তা নিয়ে এখন ভাবার মতো সময় নেই আমাদের। জেলায় জেলায় প্রার্থী বাছাই, প্রতীক বণ্টনের কাজটা নির্দিষ্ট সময়ের ভেতর শেষ করতে চাই। কংগ্রেসের হেভিওয়েট নেতা সোমেন মিত্র এদিন সুব্রত মুখার্জির নাম না করেই বলেন, আমরা কারুর জন্য অপেক্ষায় বসে নেই। সুব্রত কী করতে চাইছে, সেটা এখনও আমাদের কাছে স্পষ্ট নয়। তবে সুব্রত কংগ্রেসে এলে স্বাগত। পুরভোটে বি জে পি-কে বাদ দিয়ে যদি কোনও বাম-বিরোধী মঞ্চ হয়, সে ক্ষেত্রে সমর্থন দেওয়া হবে। এদিকে এদিনই প্রদেশ কংগ্রেস কার্যালয়ে বসে প্রাক্তন মেয়র পারিষদ প্রদীপ ঘোষ মেয়রের উদ্দেশে কটাক্ষ করে বলেন, এখন যা হচ্ছে সবটাই সুব্রত মুখার্জির 'গুলিয়ে' দেওয়ার নাটক। আমি হলফ করে বলতে পারি, এবারের পুরভোটে মেয়র নিজেই দাঁড়াবেন না। তাঁর লক্ষ্য রাজ্যসভা। ভোটের আগে নাটক করে বাজার গরম করার চেষ্টা করছেন। সুব্রতর ছায়াসঙ্গী মেয়র পারিষদরাও শেষ পর্যন্ত মমতার সঙ্গে থেকে যাবেন বলে মন্তব্য করেন প্রদীপ ঘোষ।

22 APR 2005 AAJKAL

দু'জনেই অনড়, মমতা-সুব্রত বৈঠকে গলেনি বরফ

স্টাফ রিপোর্টার, কলকাতা ও নয়াদিল্লি: কিছু লোকের মধ্যস্থতায় আলোচনা হলেও বরফ গলেনি।

বুধবার গভীর রাতে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মেয়র সুব্রত মুখোপাধ্যায়ের প্রায় দেড় ঘণ্টার বৈঠকের পরে বৃহস্পতিবার দু'জনের কেউই নিজের অবস্থান থেকে এক চুলও নড়েননি। সি পি এমের বিরুদ্ধে কংগ্রেস-সহ সব বিরোধীকে নিয়ে জোট গড়ার ব্যাপারে মেয়র অনড় রয়েছেন। মমতাও ঝেড়ে কাশেননি। তবে প্রদেশ কংগ্রেসের সভাপতি ও কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী প্রণব মুখোপাধ্যায় এ দিনই সুব্রতবাবুকে সরাসরি কংগ্রেসে যোগ দেওয়ার জন্য আহ্বান জানান। প্রণববাবু বলেন, "মমতা আসবেন বলে মনে হয় না। আমি অবশ্য সব সময়েই চাইছি, সুব্রত কংগ্রেসে যোগ দিক।" তাঁর মতে, সুব্রতবাবু যথেষ্ট পরিণত রাজনৈতিক ব্যক্তিত্ব। তিনি ১৯৭১ সাল থেকে বিধায়ক। ফলে কোন সিদ্ধান্ত ভাল হবে, সেটা বোঝেন সুব্রতবাবু।

কলকাতা-সহ ৮২টি পুরসভার ভোটের মুখে জোট নিয়ে তৃণমূলে যে-জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তা দূর করতে দলের কয়েক জন কাউন্সিলর, বিধায়ক থেকে অন্য দলের নেতারাও মেয়র ও মমতাকে মুখোমুখি বসাতে চেয়েছেন। এই প্রচেষ্টার ফলেই বুধবার রাতে দু'জনের বৈঠক হয়। বৈঠক সম্পর্কে মমতা এ দিন মুখ খোলেননি। বিস্তারিত ভাবে কিছু বলেননি মেয়রও। তিনি বলেন, "বৈঠক হয়েছে। বৈঠকে আমার বক্তব্য জানিয়েছি মমতাকে।" দলীয় সূত্রের খবর, সমস্যা যেখানে ছিল, সেখানেই আছে। অবশ্য জোটের বিষয়ে মেয়রের সমমনোভাবাপন্ন বিধায়ক-কাউন্সিলরেরা নিজেদের মধ্যে আলোচনা শুরু করে দিয়েছেন।

মমতা যে এন ডি এ ছাড়ছেন না, কংগ্রেস নেতৃত্বের কাছে তা পরিষ্কার। রাজ্যে বৃহত্তর বিরোধী জোট না-হলে আদতে লাভ সি পি এমেরই। প্রণববাবুর বক্তব্য, "এ আর নতুন কথা কী! এই কথা তো কিছু লোক সব সময় বলে। এ তো মাসির গোঁফ গজালে মামা হবে ধরনের কথা। তবে জোট তো হয়েছিল। বিধানসভায় জোট গড়ে সব আসনে লড়ে বিরোধী আসন ৮৬ থেকে বেড়ে হয়েছিল ৯০। ফলে যা আরোগ্যের নয়, তা মেনে নেওয়া ছাড়া উপায় নেই।"

এ দিকে, ২৬ এপ্রিল মেয়র তাঁর সুরেন ঠাকুর রোডের বাড়িতে দলের কয়েক জন কাউন্সিলর ও বিধায়ককে নৈশভোজে আমন্ত্রণ জানিয়েছেন। মেয়র-ঘনিষ্ঠ কাউন্সিলর ও বিধায়কদের কথায়, ওই ভোজে পরবর্তী পদক্ষেপের ব্যাপারে আলোচনা হতে পারে। এই অবস্থায় মেয়রকে বাদ দিয়েই মমতা-ঘনিষ্ঠ দলীয় নেতারা বিভিন্ন কর্মসূচি নিচ্ছেন। ৩০ এপ্রিল পার্ক সার্কাস ময়দানে যুব তৃণমূলের রাজনৈতিক সম্মেলনের প্রচারে মমতার নাম আছে, মেয়রের নেই। সেখানেই পুর ভোটের আনুষ্ঠানিক প্রচার শুরু হবে বলে জানান যুব তৃণমূলের রাজ্য সভাপতি মদন মিত্র। মেয়রের নাম বাদ পড়ার ব্যাপারে মদনবাবু বলেন, "মেয়রের সম্মতি মেলেনি বলেই নাম দেওয়া হয়নি।"

দুই বিধায়ক নির্বেদ রায় ও পরশ দত্তের সাসপেনশন তুলে নেওয়ার জন্য মমতার কাছে আর্জি জানাবেন বিধায়ক অরুণাভ ঘোষ। তিনি বলেন, "ওঁরা তো মমতার নেতৃত্বেই জোট গড়ে সি পি এমের বিরুদ্ধে লড়তে চেয়েছেন। এতে অন্যায় কী হয়েছে?" এ দিকে, জোট গড়ার পরেও বজবজে তাঁকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ায় বেজায় চটেছেন স্থানীয় তৃণমূল বিধায়ক অশোক দেব।

এই পরিস্থিতিতে কলকাতা পুরসভার তিন নম্বর বরোর চেয়ারম্যান-পদে তৃণমূলের পবিত্র বিশ্বাস লটারিতে নির্বাচিত হয়েছেন। কিন্তু ৬ নম্বর বরোয় চেয়ারম্যান নির্বাচন হয়নি। প্রিসাইডিং অফিসার, মেয়র-পারিষদ (স্বাস্থ্য) অমিয় মুখোপাধ্যায় আন্ত্রিক পরিস্থিতি দেখতে খিদিরপুর চলে যাওয়ায় বরো অফিসে সময়মতো হাজির হতে পারেননি। সেই জন্যই নির্বাচন হয়নি।

22 APR 2005 ANADABAZAR PATRIKA

কী করবেন সুব্রত? অপেক্ষায় মমতা

সারাদিন ফিসফাস

ভোলানাথ ঘড়ুই

পুর অধিবেশনেই এদিন কার্যত যেন দু ভাগ হয়ে রইলেন তৃণমূল কংগ্রেসের কাউন্সিলররা। অন্য দিন মেয়র সুব্রত মুখার্জি যখন সভায় বক্তব্য পেশ করেন, তখন যেভাবে টেবিল চাপড়ে হাততালি দিয়ে উচ্ছ্বাস প্রকাশ করা হয় বুধবার কিন্তু তা চোখে পড়ল না। সভার আগে এবং পরেও তৃণমূলি কাউন্সিলদের বিভাজন যেন বেশ স্পষ্ট হয়ে উঠেছিল এদিন। পুরসভার করিডরে দেখা গেছে নিত্য পরিচিত দৃশ্যের বাইরে কাউন্সিলদের অতিরিক্ত ফিসফাস জটলা। এদিন সভার কিছুক্ষণ আগেই পুরসভায় এসেছিলেন মেয়র সুব্রত মুখার্জি। তাঁর ঘরে রোজকার মতোই ভিজিটর এসেছেন। কিন্তু অন্যান্য সময় যে সমস্ত কাউন্সিলরা আসেন আলোচনা করেন, তাঁদের অনেকেই আসেননি। চিত্রটা যে বেশ বদলেছে তার সবচেয়ে বড় প্রমাণ সামসুজ্জামান আনসারি। এতদিন পুরোপুরি সুব্রত-বিরোধী বলে পরিচিত ছিলেন। জোট নিয়ে কথাবার্তা শুরুর পর থেকেই যেন ১৮০ ডিগ্রি ঘুরে গেছেন সামসুজ্জামান। এখন সকাল, বিকেল মেয়রের ঘরে ছায়ার মতো। সভা শুরুর আগেই মেয়রের ঘরে এদিন যাঁরা ঢুকেছেন তাঁদের মধ্যে বিধায়ক তাপস রায় এবং পরেশ পাল। দিব্যেন্দু বিশ্বাস, পবিত্র বিশ্বাস, রতন দে, দেবাশিস কুমার যথারীতি বহুক্ষণ কাটিয়েছেন মেয়রের ঘরে। পুরসভায় হাজির থাকলেও সাতসকালে মেয়রের ঘরের দিকে খুব একটা যাননি অরূপ বিশ্বাস, পার্থ বসু, অশোকা মণ্ডল, ফিরহাদ হাকিম, রত্না শূর-সহ বেশ কিছু কাউন্সিলর। সভায় স্টার থিয়েটার নিয়ে মেয়র সুব্রত মুখার্জি যখন বলছেন একটা পেশাদারি দৃষ্টিভঙ্গিতে চালাতে চাই। তাই আর পি গোয়েঙ্কার মতো মানুষদের নিয়ে কমিটি করতে চাই। হাততালি বা টেবিলে চাপড় তেমন

এরপর ৫ পাতায়

নির্বেদ, পরশ: বোর্ড সি পি এমের হাতে তুলে দিচ্ছেন মমতা

নির্বেদ রায়

পরশ দত্ত

দীপঙ্কর নন্দী

এবার কলকাতা পুরসভার বোর্ড মমতা সি পি এমের হাতে তুলে দিচ্ছেন। প্রতি নির্বাচনের আগে মমতা দলের মধ্যে একজন শত্রু চিহ্নিত করেন। যিনি সি পি এমের থেকে মমতার কাছে বড় শত্রু হয়ে যান। বুধবার তৃণমূল থেকে সাসপেন্ড-হওয়া দুই বিধায়ক নির্বেদ রায় ও পরশ দত্ত এই মন্তব্য করেন। নির্বেদ ও পরশ দুজনেই দল থেকে চিঠি পেয়েছেন। নির্বেদ চিঠি পান মঙ্গলবার রাত ১১টায়। পরশ চিঠি পান বুধবার সকালে। দুজনেই এই চিঠিকে গুরুত্ব দিচ্ছেন না। নির্বেদ সাসপেন্ড হওয়ার পরও এদিন ফের বলেছেন, তিনি জোটের কথা বলে যাবেন। তিনি বলেন, মেয়র সুব্রত মুখার্জি এই পাঁচ বছর অসাধারণ কাজ করেছেন। তাঁকে মমতা ফের মেয়র করতে চাইছেন না। কেন? সুব্রতদা জোটের কথা বলে কোনও অন্যায় করেননি। দলের নীতি নিয়ে বাইরে কথা বলা যাবে না কেন? মমতা তো কোনও গোপন দল তৈরি করেননি। আমি বলেছি মহাজোটের কথা। সি পি এমকে তাড়াতে হলে মহাজোটের প্রয়োজন আছে। মমতা এই অঙ্কটা বুঝতে পারলেন না। ২০০১ সালে বিধানসভা ভোটে তিনি কেন জোট করেছিলেন— এর জবাব তাঁকে দিতে হবে। নির্বেদ বলেন, তৃণমূলে কোনও কালেই গণতন্ত্র ছিল না। শুধু মমতার জন্যই গণতন্ত্র। মমতা এবং কয়েকজন ছাড়া দলের মধ্যে প্রায় সকলেই জোট চান। মমতার কাছ থেকে অসম্মানিত হওয়ার ভয়ে তাঁর সামনে অনেকেই জোটের কথা বলতে পারেন না। আমি মমতার সামনেও বলেছি। বাইরেও জোটের কথা বলেছি। নির্বেদ বলেন, এখন অনেকটাই হালকা লাগছে। নিজেকে মুক্ত বলে মনে হচ্ছে। এদিন পরশ বলেন, আমি বারবার বলেছি কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতা হওয়া প্রয়োজন। মমতা এটা বুঝতে পারলেন না। মমতার চারপাশে যাঁরা থাকেন, তাঁরাই মমতাকে ভুল পথে নিয়ে যাচ্ছেন। তিনি কোনও সিদ্ধান্ত নিতে পারছেন না। এটা অত্যন্ত দুঃখের। পরশ পার্থ ব্যানার্জির সম্পর্কে বলেন, একটা সময় ওঁর আমি উপকার করেছিলাম। তাই ওঁরা এই পুরস্কার আমাকে দিলেন। পরশ বলেন, সুব্রতর বিরুদ্ধে মমতার ব্যবস্থা নেওয়ার সাহস নেই। ঝি-কে মেরে বৌকে শাসন করার মতোই হল এটা। মমতার কাছ থেকে বহুবার

এরপর ৫ পাতায়

স্নায়ুযুদ্ধে ওঁরা দুজন

বিশ্বজিৎ সিংহ

কলকাতার মেয়র সুব্রত মুখার্জি কি পদক্ষেপ নিচ্ছেন সেদিকে এখন কড়া নজর রাখছেন তৃণমূল সর্বেসর্বা মমতা ব্যানার্জি। পাশাপাশি মমতার ব্যবস্থা নেওয়ার দিকে সতর্ক লক্ষ্য রাখছেন সুব্রত। শেষ পর্যন্ত কোন পথ নেবেন তা মোটামুটি ঠিক করে ফেলেছেন কলকাতার মেয়র। আর পরবর্তী সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রেও মমতার সিদ্ধান্ত হয়ে আছে। তবে অপরের দান না দেখে কোনও পক্ষই হাতের তাস আগাম ফেলতে চাইছেন না। কিন্তু এ মাসের মধ্যেই যে একটা এসপার-ওসপার হয়ে যাচ্ছে এটা স্পষ্ট। দলের ওই দুই শীর্ষ নেতার, বস্তুত গুরু-শিষ্যার এহেন স্নায়ুযুদ্ধে উদ্বেগ ও শঙ্কায় কাহিল হয়ে পড়ছেন তৃণমূলের কাউন্সিলর, বিধায়করা। প্রকৃতপক্ষে, বিশেষ করে গত ১৫ বছরে নেত্রী মমতাকে দলের মধ্যে এরকম কড়া ডোজের রাজনৈতিক চ্যালেঞ্জের মুখে পড়তে হয়নি। আবার দীর্ঘ রাজনৈতিক জীবনে সুব্রতও একাই দলের মধ্যে এরকম চ্যালেঞ্জ ছোঁড়েননি। মমতা এবং সুব্রতর এই লড়াইয়ের দিকে তাকিয়ে কংগ্রেস এমনকি সি পি এমও। কেননা সুব্রত-মমতা পর্ব একটা চূড়ান্ত চেহারা না নেওয়া অবধি তাদের নির্বাচনী কৌশল এবং ভবিষ্যৎও নির্ধারিত হবে না। তৃণমূল নেতৃত্ব মহলেও বলাবলি হচ্ছে, রাজনৈতিক লাইন সামনে রেখে মমতা-সুব্রত দু'পক্ষে দাঁড়ালেও আসলে তাদের বিরোধের মূল কারণ : নিজেদের ইগো। কলকাতার মেয়র হিসেবে সুব্রত নিজের ইমেজকে এমন একটা মাত্রায় তুলতে পেরেছিলেন, যা দলকে কার্যত ছাপিয়ে গিয়েছিল। দলের জন্মদাত্রী মমতা তা মেনে নিতে পারেননি। আবার কিছু সিদ্ধান্ত কার্যকর করতে গিয়ে দলের মধ্যে বারবার অপদস্থ হতে হয়েছে মেয়রকে, কথা দিয়েও নেত্রী সে সব ক্ষেত্রে তাঁর পাশে থাকেননি। এখন কলকাতা পুরভোটকে সামনে রেখে মমতা ঠিক করেন, মেয়রের রাশ তিনি টানবেন। আর সুব্রত মনস্থ করেন, অপমানের বদলা নেবেনই। অনেক নেতা এবং পার্শ্বচরই মমতাকে নানারকম গতিবিধির খবর এবং ব্যাখ্যা শুনিয়ে যাচ্ছেন। দলে কারও পরামর্শ তৃণমূল সর্বেসর্বা নেন বলে সেভাবে শোনা যায় না, তবে সাম্প্রতিককালে তাঁর পরামর্শদাতা হয়ে উঠেছেন উত্তর কলকাতায় নিজের কেন্দ্রে বারবার বিপুল ভোটে জেতা বিধায়ক সাধন পাণ্ডে। তিনি এবং শোভনদেব চট্টোপাধ্যায়, জ্যোতিপ্রিয় মল্লিকের মতো মুষ্টিমেয় কিছু নেতা চাইছেন, ওঁরা দু'জন একবার মুখোমুখি একান্তে বসুন, তা হলে মান-অভিমান কেটে যাবে, বিরোধ মিটবে। কিন্তু কীভাবে দু'জনকে বসানো হবে? মমতা পরপর দু'দিন সুব্রতর সঙ্গে টেলিফোনে কথা বলে পরিস্থিতি নরম করেছেন। আবার মমতার সঙ্গে আমি কুড়িবার বসতে রাজি বলে জানিয়ে সুব্রতও আবহাওয়া শান্ত রেখেছেন। উত্তর কলকাতায় তৃতীয় পক্ষের বাড়িতে মাঝরাতে দু'জনকে বসানোর পরিকল্পনাও ভেস্তে গেছে একটি কারণে। সুব্রত বলছেন, কংগ্রেসের সঙ্গে জোট চাই। ওদিকে মমতাও কংগ্রেসের সঙ্গে সমঝোতায় যেতে এক পাও রাজি নন। তা হলে কোন সূত্র ধরে বৈঠক বসবে? তৃণমূলের অন্দরমহলের খবর, আসলে দু'জনের মধ্যে জমে থাকা মান, অভিমান দূর হলেই ওই রাজনৈতিক লাইন আর সমস্যা হয়ে থাকবে না। মমতা খোঁজ নিচ্ছেন কি কি করতে পারেন মেয়র? ঘনিষ্ঠ মহলে কথাচ্ছলে তিনি বলেছেন, তাঁর কাছে খবর, সুব্রতদার লাইন হবে (১) তৃণমূল ছেড়ে আলাদা মঞ্চ করে কংগ্রেসের সঙ্গে জোটে যাওয়া বা (২) সরাসরি কংগ্রেসে যোগ দেওয়া বা (৩) শেষ পর্যন্ত দলের লাইন মেনে নেওয়া বা (৪) দলে থেকেও পুরসভায় প্রার্থী না নেওয়া। তৃণমূল নেত্রীর নিশ্চিত বিশ্বাস, মেয়রের সঙ্গে তেমন কোনও বিধায়ক বা কাউন্সিলর ভিড়বেন না। বাড়িতে, পুরভবনে এবং অন্যত্র বৈঠক করার সময় সুব্রত মুখার্জি কথা বলছেন কম, শুনছেন বেশি। যতটুকু বলছেন, তা হল, পঙ্কজ, শোভনদেব, সাধন বা অজিতদার মত নেতারা আমার বিরোধিতা করলে মানে ছিল। কিন্তু মমতার মদতে আমাকে দিনের পর দিন অপদস্থ করেছেন এমন কেউ কেউ যাঁদের সঙ্গে একপিস লোক নেই, এক পয়সা দামেরও নেতা নয়। সুব্রতর হিসাবে, স্তাবকদের কথা শুনে মমতা পরিস্থিতি ঠাহর করতে পারছে না। পুরসভা, বিধানসভায় জিততে গেলে বামবিরোধী জোট করতেই হবে। তাঁর বক্তব্য, জোটের কথা বলে তিনি একটা ঢেউ তুলেছেন। এই ঢেউয়ের স্পর্শ পেয়ে মমতা যদি জোটের ডাকও দেয়, তা হলেও মঙ্গল। ঘরোয়া মহলে তিনি বলেছেন, মমতা সিদ্ধান্ত নিতে দেরি করলে তাঁর পক্ষে বসে থাকা মুশকিল। আসলে সুব্রতও ছক করে নিয়েছেন, মমতা শেষ পর্যন্ত তাঁর প্রস্তাব না শুনলে মঞ্চ গড়ে জোটের কথা বলবেন তিনি। ১৪১ আসনের মধ্যে ১০০টিই ছেড়ে দেবেন কংগ্রেস-সহ জোটের বামবিরোধীদের।

কাছাকাছি, কানেকানে তৃণমূল কাউন্সিলর কৃষ্ণা সিং। পুরসভায় বুধবার চিন্তামগ্ন মেয়র। ছবি: অমিত ধর

নির্বেদ, পরশ

১ পাতার পর

অসম্মানিত হয়েছি। দলটাকে ভালবাসতাম বলে কিছু বলিনি। এই দলে গণতন্ত্র নেই। কোনও কিছু বাইরে বলা যাবে না। কেন? দলে তো সকলেরই বলার অধিকার আছে। পরশ বলেন, মেয়র সুব্রত মুখার্জি দলের ভালর জন্যই জোটের কথা বলছেন। তৃণমূল-বি জে পি-র বোর্ড ফিরে আসুক, এটা আমরাও চাই। মমতা চাইছেন না। জোর করে তাঁকে জোট করানো যাবে না। এর ফলে বোর্ড চলে যাবে সি পি এমের হাতে।

21 APR 2005

AAJKAL

AAJKAL

কংগ্রেসের সঙ্গে রফার পথ রাখছে তৃণমূল

স্টাফ রিপোর্টার: পুর ভোটে সি পি এম-কে হারাতে কংগ্রেসের সঙ্গে তৃণমূলের আসন-রফার পথ এখনও খোলা আছে। কী ভাবে এই রফা হতে পারে, তার বিভিন্ন কৌশল নিয়ে নানা স্তরে আলোচনা শুরু হয়েছে। বি জে পি-র সঙ্গে সম্পর্ক ছেদ না-করেই আসন-রফার সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে বলে তৃণমূল শিবিরের খবর। মেয়র সুব্রত মুখোপাধ্যায় এখনই তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে চূড়ান্ত সংঘাতে যেতে নারাজ। যদিও কেউই নিজের অবস্থান থেকে সরেননি। মমতা ও সুব্রতবাবু দু'জনেই বুধবার জানান, আলোচনায় বসতে নীতিগত কোনও আপত্তি নেই।

তৃণমূল থেকে সাসপেন্ড হওয়া দুই বিধায়ক নির্বেদ রায় ও পরশ দত্ত জানান, তাঁরা আগামী দিনে একটি মঞ্চ গড়ে কংগ্রেস-তৃণমূল আসন-রফার চেষ্টা চালাচ্ছেন। তাঁরা কতটা সফল হবেন, তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। তবে মমতার শিবিরও কংগ্রেসের সঙ্গে আসন-রফার সম্ভাবনা পুরোপুরি খারিজ করে দেয়নি। মমতার ঘনিষ্ঠ এক বিধায়ক বলেন, "মেয়র ও মমতার মধ্যে বরফ গলার প্রক্রিয়া শুরু হয়েছে। আলোচনার মাধ্যমেই সমস্যার জট খুলবে।" শৃঙ্খলা রক্ষা কমিটির সদস্য বিধায়ক পার্থ চট্টোপাধ্যায় বলেন, "যদি কোনও সিদ্ধান্ত নিতে হয়, তা হলে বৈঠক ডেকেই তা নিতে হবে।"

মমতা বলেছেন, "সি পি এম যাতে হারে, সেটাই আমার প্রধান লক্ষ্য। দীর্ঘদিন ধরে দলীয় শৃঙ্খলা ভাঙার কারণেই দুই বিধায়ককে সাসপেন্ড করা হয়েছে। সুব্রতদার ব্যাপারে দলে কোনও আলোচনাই হয়নি। কিন্তু আমাদের দলের অভ্যন্তরীণ অবস্থার সুযোগ নিয়ে কংগ্রেস যদি ছলে-বলে-কৌশলে দল ভাঙার চেষ্টা করে, সেটা

এর পর ছয়ের পাতায়

কংগ্রেসের সঙ্গে রফার পথ

প্রথম পাতার পর

অত্যন্ত অন্যায় হবে।" মমতা যে বি জে পি-কে খুব খুশি রেখে চলতে চান, তা নয়। বিষ্ণুকান্ত শাস্ত্রীর শেষকৃত্যে বি জে পি-র সভাপতি লালকৃষ্ণ আডবাণী সোমবার কলকাতায় এলেও মমতা তাঁর সঙ্গে দেখা করেননি।

নির্বেদবাবু ও পরশবাবুর সাসপেনশন যাতে প্রত্যাহৃত হয়, সেই জন্য মমতাকে চিঠি দিচ্ছেন বিধায়ক অরুণাভ ঘোষ। এর আগে বিধায়ক দীপক ঘোষকে সাসপেন্ড করা হয়েছিল। তিনি মমতাকে চিঠি লিখে সাসপেনশন প্রত্যাহার করিয়েছিলেন, তা জানিয়ে অরুণাভবাবু বলেন, "এই দুই বিধায়কেই দলের সম্পদ। তাঁদের শাস্তি দেওয়া হতে পারে। কিন্তু পুর ভোটের আগে দলের স্বার্থ ভেবেই তা প্রত্যাহার করা উচিত।" শৃঙ্খলা রক্ষা কমিটির সদস্যদের একহাত নিয়ে তিনি বলেন, "এ ক্ষেত্রে আসন-রফার কথা বলায় দুই বিধায়ককে সাসপেন্ড করা হয়েছে। কিন্তু যখন সেই কমিটির এক সদস্য আর এক জনকে চড় মারে, তখন কেন তাদের উপরে শৃঙ্খলাভঙ্গের বিধি প্রয়োগ করা হয় না?"

একের বিরুদ্ধে এক প্রার্থীর পক্ষে পরশবাবুর যুক্তি, "কংগ্রেসের কাউন্সিলরদের সমর্থন নিয়ে কলকাতা পুরসভা চালাতে পারি আর নির্বাচনে তাঁদের সঙ্গে আসন-রফার কথা বললেই শাস্তি পেতে হবে?" তিনি জানান, ১৫ দিন আগেও বেহালার ১৩ নম্বর বরোর চেয়ারম্যান-পদের নির্বাচনে তৃণমূলের কাউন্সিলরেরা কংগ্রেসের সুশান্ত ঘোষকে ভোট দিয়ে জিতিয়েছেন।" এ দিকে, পরিস্থিতির উপরে নজর রেখে সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাস জানান, তৃণমূলে যা-ই ঝামেলা হোক, তাতে তাঁদের কোনও সুবিধা হবে না। অন্য দিকে, বি জে পি নেতা রাহুল সিংহ এ দিন তৃণমূল ভবনে গিয়ে দলীয় নেতৃত্বের সঙ্গে পুর নির্বাচন নিয়ে আলোচনা করেন।

ANADABAZAR PATRIKA

Subrata replays tie-up tune

OUR SPECIAL CORRESPONDENT

Calcutta, April 20: Undeterred by the suspension of two Trinamul Party MLAs for advocating a seat-sharing deal with the state Congress, mayor Subrata Mukherjee today reiterated the need for an anti-Left alliance.

The Trinamul leadership made it clear that the party would not have any truck with the Congress, which heads a government at the Centre with the CPM's support.

But Mukherjee refused to budge from his stand. "I do believe that only an alliance with the Congress can help us defeat the Marxists in the ensuing civic and municipal polls. If articulating this basic political exigency amounts to an anti-party act, then I am ready to face the consequences," he said this afternoon.

The mayor added that he would not allow the CPM to wrest the civic board from the Trinamul.

Trinamul sources said Mukherjee has lined up a meeting on Friday with Paras Dutta and Nirbed Roy, who were shown the door yesterday, to discuss the future course of action. Those in favour of an alliance have been asked to attend.

Mukherjee's comments sparked cries of protest from Trinamul leaders. "We are keeping a close watch on the developments and will react at an appropriate time," said Subrata Bakshi, the party's state president.

He added that the leadership would shortly convene a meeting to discuss the party's poll strategy.

Dutta and Roy said their suspension order did not specify their anti-party activities. "We are still in the dark on what ground we have been placed under suspension. What are our anti-party activities?" asked Dutta.

He also complained that the leadership did not offer him any scope to explain his conduct. "Even... Dhananjoy Chatterjee was allowed to defend himself before being hanged for murdering and raping a schoolgirl. Are we worse than Chatterjee?"

Roy rued that there is no democracy in the Trinamul. "It is unfortunate that our party is being run on somebody's will and whims. There is neither any policy nor any set principle."

Nayana Banerjee, another MLA who had faced the axe earlier, said tonight that she is yet to receive her suspension order.

She had earned the wrath of the leadership by campaigning for her husband Sudip Banerjee, who had contested the last Lok Sabha elections as a Congress-backed Independent candidate.

21 APR 2005 THE TELEGRAPH

IN HAPPIER TIMES: Mamata and Subrata

Trinamool heads for split as Didi axes mayor aides

HT Correspondent
Kolkata, April 19

THE TRINAMOOL Congress is heading for a split over the question of tying up with the Congress in June's municipal polls. At the head of the two factions are party chief Mamata Banerjee, who wants nothing to do with the Congress, and mayor Subrata Mukherjee who insists on a tie-up.

Mamata today suspended top leaders Nirbed Roy and Paras Dutta, pending inquiry. "Letters have been sent to them," disciplinary committee member Partha Chatterjee said. The committee chose not to take any action against Mukherjee. He is Mamata's political guru and the party wants to watch him before doing anything drastic.

Both suspended MLAs are close to Mukherjee and the decision is a signal that Mamata expects him to toe her line. Roy was livid. "We have tried to reach out to Mamata, but without any success," he said.

But the mayor is unfazed. "For how long have they been suspended? And why?" he asked. The official reason is that the two had aired their opinions in public. So has Mukherjee, whose followers plan to float a front of anti-Left parties that will ally with the Congress.

"Mamata is adamant and not willing to listen to my suggestions, but something has to be done," Mukherjee said.

One of his supporters said: "The new front will ally with both the Congress and the BJP. It will field candidates rejected by Mamata against the Left."

Mukherjee will host his followers to dinner on Friday and is expected to announce his plans after that. His camp believes they can still win enough seats to form the board, though their speculations involve a tie-up with Mamata after the polls.

Another factor against Mukherjee's chances is that not too many councillors might like to risk joining his front. Sources said not even a dozen would be ready to break away from Mamata initially, though they might be followed later by leaders denied election tickets by Mamata. Even the two Muslim MMiCs, supposedly close to Mukherjee, are not enthusiastic about his front.

Of late, Mukherjee has been open about his inclinations towards the Congress. He has shared the dais with Pranab Mukherjee and been in regular touch with P.R. Das Munshi. An angry Mamata talked about a "traitor" last week.

Many district units are set to disband. Last night, party members in Bankura resigned en masse to join the Congress.

20 APR 2006 THE HINDUSTAN TIMES

ANADABAZAR PATRIKA

10 APR 2002

জোট চেয়ে শাস্তির মুখে সুব্রত, ভাঙনের পথে তৃণমূল

স্টাফ রিপোর্টার: পুরসভা নির্বাচনের আগেই তৃণমূলে ভাঙন প্রায় অনিবার্য হয়ে উঠল। কংগ্রেসের সঙ্গে জোট বাঁধতে উদ্যোগী হওয়ায় মেয়র সুব্রত মুখোপাধ্যায়ের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে তৎপর হয়েছেন দলীয় নেতৃত্ব। মেয়রকে শো-কজ করে ২৪ ঘন্টার মধ্যে জবাব দিতে বলা যায় কি না, সেটাও বিবেচনাধীন। তেমন হলে মেয়রও পাল্টা ব্যবস্থা নিতে তৈরি। জোট চেয়ে শাস্তির মুখে দলের অন্য দুই বিধায়ক নির্বেদ রায়, পরশ দত্ত এবং মেয়র-পারিষদ মালা রায়ও।

সম্ভাব্য শাস্তির বিষয়ে সুব্রতবাবুর প্রতিক্রিয়া: "সি পি এম-বিরোধিতার জন্য তৃণমূলের জন্ম। এখন কংগ্রেসের সঙ্গে জোট গড়ে রাজ্যে সি পি এম-বিরোধিতা করতে গেলে যদি শাস্তি পেতে হয়, তা হলে মানুষই তার বিচার করবে।" তাঁর শিবিরের খবর: শাস্তি হলে তৎক্ষণাৎ দল ভেঙে বেরিয়ে আসতে সুব্রতবাবু তৈরি। তাঁর সঙ্গে বেরিয়ে আসবেন এক দল বিধায়ক ও কাউন্সিলর।

সোমবার রাতে দলীয় শৃঙ্খলা রক্ষা কমিটির বৈঠকে মূলত সুব্রতবাবুকে নিয়ে দীর্ঘ আলোচনা হয়। তাঁর সাম্প্রতিক কথাবার্তা ও কার্যকলাপের জন্য তাঁকে অবিলম্বে শো-কজের বিষয়টি সেখানে গুরুত্ব পায়। তাঁর বদলে পরবর্তী মেয়র হিসাবে এক বিধায়কের নাম নিয়েও দলে আলোচনা চলছে। রাত পর্যন্ত কোনও চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করা হয়নি। কারণ, কাগজে-কলমে মমতা বন্দ্যোপাধ্যায় শৃঙ্খলা রক্ষা কমিটির সদস্য নন। তাই ওই কমিটির সুপারিশ অনুমোদনের জন্য আনুষ্ঠানিক ভাবে তাঁর কাছে পাঠাতে হবে। তবে মমতার ঘনিষ্ঠ মহলের খবর: এ দিনের বৈঠক ও আলোচনার গতিপ্রকৃতি সম্পর্কে নেত্রী আগাম ওয়াকিবহাল ছিলেন।



কংগ্রেসের সঙ্গে জোট বেঁধে পুর ভোটে লড়তে কিছু দিন ধরেই চেষ্টা চালাচ্ছেন সুব্রতবাবু। দুই কেন্দ্রীয় মন্ত্রী প্রণব মুখোপাধ্যায় ও প্রিয়রঞ্জন দাশমুন্সির সঙ্গে বেশ কয়েক বার কথা হয়েছে তাঁর। সি পি এম-বিরোধী জোটের 'রাজনৈতিক প্রয়োজন' নিয়ে ইদানীং প্রকাশ্যে কথাও বলছেন তিনি। এই সব কারণে কিছু দিন ধরে মমতার সঙ্গে তাঁর দূরত্ব বাড়ছিল। সপ্তাহখানেক ইজরায়েলে কাটিয়ে কলকাতায় ফিরে মেয়র এ দিন ফোন করে মমতার সঙ্গে দেখা করতে চান। নেত্রী তাঁকে 'সময়' দেননি বলে খবর।

অন্য দিকে, তাঁর অনুপস্থিতিতে পুরভবনের সামনে সভা করে মমতা যে নাম না-করে তাঁকে 'মির জাফর' বলেছেন, সেই খবর বিদেশে বসেই জেনে যান সুব্রতবাবু। ফলে দুই তরফেই 'রণনীতি' ঠিক করার পর্ব চলছিল ভিতরে ভিতরে। মমতার ঘনিষ্ঠ নেতা ও বিধায়কদের একাংশ মেয়রের বিরুদ্ধে ব্যবস্থা নিতে চাপ বাড়াচ্ছিলেন। অবশেষে তৃণমূলে গণতন্ত্র নেই বলে সুব্রতবাবুর একটি প্রকাশ্য মন্তব্য আগুনে ঘৃতাহুতি দেয়। শুধু মেয়র নন, কংগ্রেসের সঙ্গে জোটের প্রশ্নে যাঁরা তাঁর মত সমর্থন করেন, তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থাগ্রহণের পথে এগোনোর সিদ্ধান্ত নেন নেত্রী। সেই অনুসারে এ দিন বসে দলীয় শৃঙ্খলা রক্ষা কমিটির বৈঠক।

ওই কমিটিরই অন্যতম সদস্য মুকুল রায় রাতে বলেন, "সুব্রতবাবু দল-বিরোধী কাজ করেছেন বলে আমরা মনে করছি। তিনি দলের নীতির বাইরে গিয়ে কথা বলছেন। এখনই কোনও ব্যবস্থার কথা বলছি না। তবে দল এটা খুব গুরুত্ব দিয়ে দেখছে।"

মমতা নিজে এই ব্যাপারে মুখ না-খুললেও তাঁর ঘনিষ্ঠ মহলের খবর, কংগ্রেসের সঙ্গে জোট বাঁধার চেষ্টা বা ঘনিষ্ঠতা বাড়ানোর জন্য সুব্রতবাবুর বিরুদ্ধে নেত্রীর কাছে অনেক 'অভিযোগপত্র' জমা পড়েছে। সেগুলি শৃঙ্খলা রক্ষা কমিটিকে দেওয়া হয়েছে। একই সুরে কথা বলায় নির্বেদবাবু, পরশবাবু এবং মালাদেবীকেও সাসপেন্ড করা হতে পারে। মমতা-শিবিরের দাবি: ওই তিন জনের বিরুদ্ধে সাসপেনশনের সিদ্ধান্ত হয়েই আছে, শুধু ঘোষণার অপেক্ষা। নির্বেদবাবু বলেন, "এমন শাস্তি হলে কৃতজ্ঞ বোধ করব। তবে তৃণমূলে তো সদস্য-তালিকাই নেই। কে কাকে শাস্তি দেবে?" সুব্রতবাবুর সঙ্গে 'ঘনিষ্ঠতা' দেখানোয় কোপে পড়তে চলেছেন তাপস রায়, পরেশ পালের মতো বিধায়কেরাও।

Paswan for Dalit-minority unity

Lok Janshakti Party to make all out effort to capture power in Madhya Pradesh

Staff Correspondent

BHOPAL: The Lok Janshakti Party president, Ram Vilas Paswan, said here on Thursday that his party would try to unite Dalits, minorities and the poor youths belonging to the upper castes keeping in focus the next round of elections in Madhya Pradesh and other parts of the country.

Addressing the Ambedkar Jayanti rally here, Mr. Paswan said his party would fight for the rights of the backward castes and shall never pit one caste or religion against the other. His party already holds the key to the formation of the next Government in Bihar, he said, adding "people are now leading a normal and secure life in Bihar, whereas earlier one only heard of rapes and murders in the State". Now it was his turn to devote full attention to Madhya Pradesh, he said, further stating that he would not rest till the national Vice-President of the party, Phool Singh Baraiya, becomes the State Chief Minister.

He also accused the Bahujan Samaj Party chief and former Uttar Pradesh Chief Minister, Mayawati, of trying to malign the image of Mr. Baraiya, who headed the State unit of the BSP before he was dismissed from the party. Mr. Paswan said that he believed in accomplishing what he says and this has been demonstrated by him on every occasion. In Bihar, it was his commitment to keep the Rashtriya Janata Dal and Bharatiya Janata Party out of power, Mr. Paswan said, adding that now it would be his endeavour to bring together the Dalits and minorities.

The Lok Janshakti Party is committed to ushering in a socio-cultural revolution in the country and would never pit one caste or religion against the other, he said, adding that his party was fully committed to protecting the rights of the backward castes and was opposed to all forms of exploitation on the basis of caste, gender, race or religion.

While reiterating that there would be a Muslim Chief Minister in Bihar whenever President's Rule comes to an end, Mr. Paswan said that on his part, he would continue to focus his attention on central politics.

DALIT VOICE: *The Union Chemicals and Fertilizers Minister and Lok Janshakti Party President Ramvilas Paswan along with party leaders at a rally in Bhopal on Thursday:* PHOTO: A. M. FARUQUI

THE HINDU

THE HINDU

Trinamul's dilemma

Between ideological and local issues

If the CPI-M has discovered that ideological questions do not matter when it comes to grabbing power, Mamata Banerjee insists that an adjustment with the Congress for the Kolkata Municipal Corporation election in June would seriously compromise Trinamul's position on the Congress-CPI-M nexus at the Centre. There can be no doubt that Mamata represents the only genuine anti-Marxist force in Bengal and she would be embarrassed if Trinamul were to officially join forces with Congress to fight the CPI-M in the KMC election. At the same time, a large section within her party, which includes the Mayor, believes there is no option but to avoid a split in the anti-Marxist vote. The Kolkata North-West parliamentary election provided a fluke victory for the CPI-M when the opponents' vote was divided. This is what Subrata Mukherjee wants to avoid as his party lays claim to another term. Trinamul under his leadership has demonstrated a sense of purpose and garnered public appreciation. This may be frittered away if Mamata does not recognise ground realities.

In a local election, the electorate responds essentially to performance in particular wards and in the city as a whole. Being part of the NDA ought not to obstruct Trinamul when the BJP is virtually of no consequence in West Bengal. The Left Front itself is finding it difficult to fault Subrata on his performance and Asok Bhattacharya, the urban development minister, raises a laugh by suggesting that development work in the past five years was initiated by the Marxists when they controlled the KMC board. Alimuddin Street can no longer harp on the issue of communalism that helped it decimate Trinamul in the last parliamentary election. In June it will have to find more convincing campaign issues. But it could be presented with an unexpected gift if Mamata insists on making Trinamul the de facto B-team of the CPI-M.

11 APR 2005 THE STATESMAN

জোটে থেকে কংগ্রেসের সঙ্গে আঁতাঁত চান মমতা

জয়ন্ত ঘোষাল ● নয়াদিল্লি

২১ মার্চ: এন ডি এ না-ছেড়েই সি পি এম বিরোধিতার জন্য পুর নির্বাচনে কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতা করতে চান তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অন্য দিকে, কংগ্রেস শীর্ষ নেতৃত্বের প্রস্তাব, মমতা এন ডি এ ছেড়ে কংগ্রেসের সঙ্গে জোট বাঁধুন। দু'পক্ষের এই বিপরীত অবস্থানের ফলে আসন্ন পুরভোটের আগে দু'দলের সমঝোতা-প্রক্রিয়া কিছুটা থমকে দাঁড়িয়েছে।

সনিয়া গাঁধী চাইছেন পুর নির্বাচনে ও পরবর্তী বিধানসভা ভোটে কংগ্রেস-তৃণমূল সমঝোতা হোক। তৃণমূলের অস্তিত্ব বিপন্ন করে মমতা যে কংগ্রেসে এখনই যোগ দেবেন না, সেটা সনিয়ার কাছে স্পষ্ট। এ অবস্থায় তাই দ্বিপাক্ষিক আসন সমঝোতা করারই পক্ষে তিনি। প্রদেশ কংগ্রেস সভাপতি প্রণব মুখোপাধ্যায়কে এই জট ছাড়ানোর দায়িত্ব দিয়েছেন সভানেত্রী। মমতা অবশ্য বলেছেন, "কংগ্রেসের সঙ্গে এ সব নিয়ে কোনও কথা এখনও হয়নি। সামাজিক সম্পর্ক রক্ষার মানেই রাজনীতি নয়।"

প্রণববাবু মমতার সঙ্গে যোগাযোগ রাখছেন বেশ কিছু দিন থেকেই। সম্প্রতি দিল্লির দুই কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সি এবং সন্তোষমোহন দেবও কথা বলেছেন মমতার সঙ্গে।

আসন সমঝোতা হলেও কংগ্রসকে ক'টি আসন ছাড়বে তৃণমূল, সেটি নিয়েও সর্বসম্মত সূত্র বের করা সহজ কাজ নয়। কলকাতার পুরভোটে গতবার কংগ্রেস পাঁচটি আসনে জিতেছিল, কিন্তু যে আসনগুলিতে কংগ্রেস দ্বিতীয় স্থানে ছিল সেগুলিও কংগ্রেস চায়। আবার কংগ্রেসের যে প্রার্থীরা পরে তৃণমূলে চলে যান, সেগুলিও কংগ্রেস এ বার পেতে আগ্রহী কেননা এই জেতা প্রার্থীদের আসনগুলি আদতে কংগ্রেসের। প্রায় ২০-২৫টি আসনে এ বার কংগ্রেস প্রার্থী দিতে চায়। কিন্তু তৃণমূল নেতৃত্ব কংগ্রেসকে এত আসন ছাড়তে রাজি নয়। তাঁদের যুক্তি, কংগ্রেস থেকে যাঁরা চলে এসেছিলেন তাঁরা তো এ বারও তৃণমূল প্রার্থীই থাকবেন। আসনগুলি কংগ্রেসকে ছেড়ে দেওয়া হলে তাঁরা কোথায় যাবেন? দ্বিতীয়ত, গত নির্বাচনে কলকাতায় কংগ্রেসের শতকরা ভোটের হার অনেক কমে গিয়েছিল। সেই শতকরা ভোটের প্রেক্ষিতেই তৃণমূল আসন দিতে চায়, যা কংগ্রেস মানতে প্রস্তুত নয়। কংগ্রেসের বক্তব্য, গোটা দেশে কংগ্রেসের অবস্থা আগের চেয়ে অনেক উন্নত। রাজ্যেও কংগ্রেসের ভোট অনেক বেড়েছে।

এই চাপান-উতোরের মীমাংসা অবশ্য হবে দ্বিতীয় পর্বে। কিন্তু প্রথম পর্বে মমতা এন ডি এ-সঙ্গ ছাড়বে কি না, সেই বিতর্কের অবসান ঘটাতে হবে। মমতার শিবিরের যুক্তি, মালদহে তো এখনও পুরসভায় কংগ্রেস-তৃণমূল বোঝাপড়া আছে। সেটা কী ভাবে সম্ভব হচ্ছে? জাতীয় স্তরে কংগ্রেস-সিপিএমের সমর্থন নিয়ে সরকার চালাচ্ছে। তৃণমূল যখন সেটা মেনে নিয়ে রাজ্যস্তরে সিপিএম বিরোধিতার জন্য কংগ্রেসের সঙ্গে জোট বাঁধতে প্রস্তুত, তখন কংগ্রেস কেন জোট বাঁধার পূর্বশর্ত হিসাবে এন ডি এ ছাড়ার দাবি তুলছে?

২০০১ সালের ১৫ মার্চ তহলকার প্রশ্নে মমতা এন ডি এ ছেড়ে দেন। কিন্তু পরে কাঁথিতে এক জনসভায় জর্জ ফার্নান্ডেজ মমতাকে এন ডি এ-তে ফিরে আসার আহ্বান জানান। ১৩ সেপ্টেম্বর এন ডি এ আহ্বায়কের আমন্ত্রণে সাড়া দিয়ে মমতা এন ডি এ-তে ফিরে আসেন। এর মধ্যে ২০০১ সালের ৮ মে বিধানসভা নির্বাচন হয়। সে বার মমতা কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতা করেন। কংগ্রেস নেতৃত্ব এ বারও একই ভাবে মমতাকে এন ডি এ

এর পর ছয়ের পাতায়

আঁতাঁত চান মমতা

প্রথম পাতার পর

ছেড়ে সমঝোতা করার জন্য চাপ দিচ্ছে। প্রণববাবু বলেছেন, কলকাতা-সহ ৮২টি পুরসভায় আগামী মে মাসে ভোট হবে।

এই ভোটে সমঝোতা হলে বিধানসভা নির্বাচনের ক্ষেত্রও প্রস্তুত হয়ে যাবে। কিন্তু মমতা এখনও এন ডি এ ছাড়তে চান না। রাজ্য বিজেপি সভাপতি তথাগত রায়ের সঙ্গেও তাঁর সম্পর্ক ভাল।

মমতা দলীয় সহকর্মীদের বলেছেন, "ভোটের সময় আমি রাজ্য বিজেপি-কেও পরিত্যাগ করতে চাই না। চাই সি পি এম-বিরোধী জোট।"

আবার মমতাকে বাদ দিয়ে শুধু সুব্রত মুখোপাধ্যায় কংগ্রেসে এলেও যে ভোট ভাগাভাগি হবে, তাতেও আখেরে সি পি এমের লাভ হয়ে যাবে বলে মনে করছে কংগ্রেস শীর্ষ নেতৃত্ব। তা ছাড়া সম্প্রতি মেয়র দিল্লি এসে কংগ্রেস নেতৃত্বকে সাফ জানিয়ে গিয়েছেন, মমতাকে ছেড়ে তিনি একা কংগ্রেসে যেতে রাজি নন।

আবার কংগ্রেস নেতৃত্ব স্বীকার করছেন, মেয়র হিসাবে সুব্রতবাবু এত ভাল কাজ করেছেন ও শহরে তাঁর যে ভাবমূর্তি তৈরি হয়েছে, তাতে অন্য কাউকে মেয়র হিসাবে তুলে ধরার কথাও ভাবছেন না তাঁরা। এ অবস্থায় এখন কংগ্রেস দু'পক্ষের ব্যবধান ঘোচাতেই সক্রিয়।

কলকাতায় স্টাফ রিপোর্টারের খবর : এ দিকে কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি ও যুব নেতা মদন মিত্র বলেন, যাঁরা কংগ্রেসের বন্ধুদের সঙ্গে পুরভোটে সমঝোতার কথা বলছেন, তাঁরা দলের নীতিবিরুদ্ধ কথা বলছেন। মমতার নির্দেশেই তাঁরা এ কথা বলছেন বলে দাবি করেন।

PATRIKA 22 MAR 2005

INDIAN EXPRESS 09 MAR 2005

Paswan meets PM; NDA to turn heat on UPA

EXPRESS NEWS SERVICE
NEW DELHI, MARCH 8

AFTER having paralysed Parliament for a week, the NDA is likely to allow both the Houses to function from tomorrow, while stepping up pressure against the UPA on the role of its governors.

With the NDA expected to chalk out its strategy at a meeting of its top leaders here tomorrow, sources said they also want to "aggressively put across their views on the President's address, the Railway Budget and the Union Budget".

The BJP is not only under pressure from its allies to let a discussion on Presidential address get underway. The dominant opinion within the party is that the parliamentary forum should be utilised to corner the UPA over the "blatantly partisan" role of its governors in Goa and Jharkhand.

Alongside, NDA leaders are scheduled to meet President A.P.J. Abdul Kalam tomorrow. BJP parliamentary party spokesman V.K. Malhotra said: "The President has called us tomorrow. We will decide on the composition of a team tomorrow morning." The NDA's case is that the Governor's decision to advance the confidence vote by six days was not a solution. It wants a faster vote and may also seek protection for MLAs supporting its alliance.

BJP vice-president Mukhtar Abbas Naqvi accused Congress president Sonia Gandhi of "duplicity and dishonesty." He asked why she had not initiated any corrective measures if she thought the Jharkhand Governor's action was wrong. He also asked what role two Union ministers — Priyaranjan Dasmunsi and Subodh Kant Sahay — were playing in Ranchi if the Centre was not involved at all.

